আল্লাহ তা'আলা কাফিরদের সাথে বন্ধুত্ব করাকে ঐ সকল লোকদের বৈশিষ্ট্য সাব্যস্ত করলেন, যাদের অন্তরে ব্যাধি আছে, তথা মুনাফিক, যাদের ব্যাপারে আয়াতটি নাযিল হয়েছে। যেমনটা তাফসীরের কিতাবসমূহে উল্লেখিত হয়েছে।

ইবনে কাসীর রহ. (২/৬৯ এ) বলেন: আল্লাহ তা'আলার বাণী- فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ "বস্তুতঃ যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন" অর্থাৎ যাদের অন্তরে সন্দেহ, সংশয় ও কপটতা আছে। يُسَارِعُونَ فِيهِمْ "দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে।" অর্থাৎ প্রকাশ্যে ও গোপনে তাদের সাথে ভালবাসা করার দিকে দ্রুত অগ্রসর হয়। يَقُولُونَ نَخْشَى أَنْ تُصِيبَنَا دَائِرَةٌ "তারা বলেঃ আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোন দুর্ঘটনায় পতিত হই।" অর্থাৎ তারা তাদের এই ভালবাসা ও বন্ধুত্বের ক্ষেত্রে এই ব্যাখ্যা করে যে, তারা আশঙ্কা করে, হয়ত কাফিররা মুসলিমদের উপর বিজয়ী হয়ে যেতে পারে, তখন এই বন্ধুত্বের কারণে ইয়াহুদী নাসারাদের সাথে তাদের হাত থাকবে। ফলে এটা তাদেরকে উপকৃত করবে।

তৃতীয় দলিল:

পূর্ববর্তী আয়াতের পরেই আল্লাহ তা'আলা আবার বলেছেন-

وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ إِنَّهُمْ لَمَعَكُمْ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ ﴿المائدة: ٥٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿المائدة: ٥٤﴾ إِنَّمَا وَلِيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ

آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رَاكِعُونَ ﴿المائدة: ٥٥﴾ وَمَن يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ ﴿المائدة: ٥٦﴾

অনুবাদ: "মুসলমানরা বলবেঃ এরাই কি সেসব লোক, যারা আল্লাহর নামে প্রতিজ্ঞা করত যে, আমরা তোমাদের সাথে আছি? তাদের কৃতকর্মসমূহ বিফল হয়ে গেছে, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে আছে। হে মু'মিনগণ, তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরে আল্লাহ এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে। তারা মুসলমানদের প্রতি বিনয়-নম্র হবে এবং কাফিরদের প্রতি কঠোর হবে। তারা আল্লাহর পথে জেহাদ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না। এটি আল্লাহর অনুগ্রহ-তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ প্রাচুর্য দানকারী, মহাজ্ঞানী। তোমাদের বন্ধু তো আল্লাহ তাঁর রসূল এবং মু'মিনবৃন্দ-যারা নামায কায়েম করে, যাকাত দেয় এবং বিনম্র। আর যারা আল্লাহ তাঁর রসূল এবং বিশ্বাসীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে, তারাই আল্লাহর দল এবং তারাই বিজয়ী।"(সূরা মায়িদাহ: ৫৩-৫৬)

এ সকল আয়াতগুলো অবতীর্ণ হয়েছে, ইয়াহুদী-নাসারাদের সঙ্গে বন্ধুত্ব করার প্রেক্ষাপটে এবং যারা কাফিরদের সাথে বন্ধুত্ব করে, তাদের ধর্মত্যাগের কথাও বিবৃত হয়েছে এতে। তা কয়েকভাবে-

এক. আল্লাহর বাণী- وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ إِنَّهُمْ لَمَعَكُمْ

"মুসলমানরা বলবেঃ এরাই কি সেসব লোক, যারা আল্লাহর নামে প্রতিজ্ঞা করত যে, আমরা

তোমাদের সাথে আছি?”- অর্থাৎ তারা এক্ষেত্রে মিথ্যাবাদী। আর কাফিরদের সঙ্গে তাদের বন্ধুত্ব করার কাজটিই তাদের মিথ্যাবাদী হওয়ার দলিল।

ইবনে জারির রহ. (৬/২৮১ এ) বলেন: মু’মিনগণ তাদের ব্যাপারে এবং তাদের নিফাকী, মিথ্যাচারিতা ও আল্লাহর নাম নিয়ে মিথ্যা কসমের কারণে আশ্চর্য হয়ে বলে: এরাই কি আমাদের নিকট এসে আল্লাহর নামে শপথ করে বলেছিল, তারা আমাদের সাথে আছে, অথচ তারা আমাদের নিকট যে কসম করেছিল, তাতে মিথ্যাবাদী ছিল।

দুই. আল্লাহ তা’আলা কাফিরদের সাথে বন্ধুত্বকারী ঐ সকল লোকদের ব্যাপারে বলেন: حَبِطَتْ أَعْمَالُهُمْ “তাদের কৃতকর্মসমূহ বিফল হয়ে গেছে”- অর্থাৎ যারা কাফিরদের সাথে বন্ধুত্ব করেছে। আর حبوط عمل তথা কৃতকর্ম বিনষ্ট হওয়া কেবল কুফরের মাধ্যমেই হয়। যেমন:

১. আল্লাহ তা’আলা বলেছেন-

وَالَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَلِقَاءِ الْآخِرَةِ حَبِطَتْ أَعْمَالُهُمْ هَلْ يُجْزَوْنَ إِلَّا مَا كَانُوا يَعْمَلُونَ.

{الأعراف: ١٤٧}

অনুবাদ: **“বস্তুতঃ যারা মিথ্যা জেনেছে আমার আয়াতসমূকে এবং আখেরাতের সাক্ষাতকে, তাদের যাবতীয় কাজকর্ম ধ্বংস হয়ে গেছে। তেমন বদলাই সে পাবে যেমন আমল করত।”**

(সূরা আ‘রাফ:১৪৭)

২. আল্লাহ তা’আলা আরো বলেছেন-

مَا كَانَ لِلْمُشْرِكِينَ أَن يَعْمُرُوا مَسَاجِدَ اللَّهِ شَاهِدِينَ عَلَىٰ أَنفُسِهِم بِالْكُفْرِ أُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ وَفِي النَّارِ هُمْ خَالِدُونَ ﴿التوبة: ١٧﴾

অনুবাদ: **"মুশরিকরা যোগ্যতা রাখে না আল্লাহর মসজিদ আবাদ করার, যখন তারা নিজেরাই নিজেদের কুফরীর স্বীকৃতি দিচ্ছে। এদের আমল বরবাদ হবে এবং এরা আগুনে স্থায়ীভাবে বসবাস করবে।"**(সূরা আনফাল:১৭)

৩. আল্লাহ তা'আলা আরো বলেছেন-

وَمَن يَكْفُرْ بِالْإِيمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ... ﴿المائدة: ٥﴾

অনুবাদ: **"যে ব্যক্তি বিশ্বাসের বিষয় অবিশ্বাস করে, তার শ্রম বিফলে যাবে।"**(সূরা মায়িদাহ:৫)

৪. আল্লাহ তা'আলা আরো বলেছেন-

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ ﴿الزمر: ٦٥﴾

অনুবাদ: **"যদি আল্লাহর শরীক স্থির করেন, তবে আপনার কর্ম নিষ্ফল হবে এবং আপনি ক্ষতিগ্রস্তদের একজন হবেন।"** (সূরা যুমার:৬৫)

এছাড়াও আরো অনেক আয়াত রয়েছে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. আস-সারিমুল মাসলুলে (খন্ড নং-২, পৃষ্ঠা নং-২১৪) বলেন: কুফর ব্যতিত কোন কিছুর মাধ্যমে আমল বিনষ্ট হয় না। কারণ যে ঈমানের উপর

মারা যায়, সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে এবং জাহান্নামে প্রবেশ করে থাকলে তা থেকে বের হবেই। আর সমস্ত আমল বিনষ্ট হয়ে গেলে তো কখনোই জান্নাতে প্রবেশ করত না।

আরেকটি কারণ হল, যেহেতু আমলকে নষ্ট করে কেবল তার পরিপন্থি কোন বিষয়ই। আর পরিপূর্ণভাবে আমলের পরিপন্থী বিষয় কেবল কুফরই। এটি আহলুস সুন্নাহর একটি প্রসিদ্ধ মূলনীতি।

তিন. আল্লাহ তা'আলার বাণী- ﴿فَأَصْبَحُوا خَاسِرِينَ﴾ (المائدة: ৫৩) "ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে আছে।" আর কর্মফল বিনষ্ট হওয়ার মাধ্যমে যে খাসারাত তথা ব্যর্থতা বা ক্ষতি হয়, তা দুনিয়া আখিরাত উভয় জগতেই হয়, আল্লাহর পানাহ। যেমন আল্লাহ তা'আলা বলেছেন:

﴿وَمَن يَرْتَدِدْ مِنكُمْ عَن دِينِهِ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَأُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ﴾ (البقرة: ٢١٧)

অনুবাদ: **"তোমাদের মধ্যে যারা নিজের দ্বীন থেকে ফিরে দাঁড়াবে এবং কাফির অবস্থায় মৃত্যুবরণ করবে, দুনিয়া ও আখেরাতে তাদের যাবতীয় আমল বিনষ্ট হয়ে যাবে। আর তারাই হলো দোযখবাসী। তাতে তারা চিরকাল বাস করবে।"**(সূরা বাকারাহ:২১৭)

চার. আল্লাহ তা'আলার বাণী- مَنْ يَرْتَدَّ مِنْكُمْ عَنْ دِينِهِ "তোমাদের মধ্যে যারা নিজের দ্বীন থেকে ফিরে দাঁড়াবে" এ আয়াতের পূর্বের ও পরের আয়াতদ্বয় দ্বারা বুঝে আসে যে, এখানে মূলত: কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করার ব্যাপারেই আয়াতটি।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. তার মাজমুউল ফাতাওয়ায় (খন্ড নং-১৮, পৃষ্ঠা নং-৩০০ এ) বলেন: "তাই যখনই কোন দল ইসলাম থেকে ফিরে যায়, অমনি আল্লাহ আরেকটি দলকে নিয়ে আসেন, যাদেরকে তিনি ভালবাসেন এবং তারা তার পথে জিহাদ করে। আর তারাই হল কিয়ামত অবধি চলমান "তায়িফায়ে মানসূরাহ"।" এর দ্বারা স্পষ্ট হয় যে, আল্লাহ তা'আলা এটা কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করতে নিষেধ করার প্রেক্ষাপটে নাযিল করেছেন। তাই বলেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿المائدة: ٥١﴾ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ فَعَسَى اللَّهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنفُسِهِمْ نَادِمِينَ ﴿المائدة: ٥٢﴾

অনুবাদ: "হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। আল্লাহ জালেমদেরকে পথ প্রদর্শন করেন না। বস্তুতঃ যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলেঃ আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোন দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দুরে নয়, যেদিন আল্লাহ তা'আলা বিজয় প্রকাশ করবেন অথবা নিজের পক্ষ থেকে কোন নির্দেশ দেবেন-ফলে তারা স্বীয় গোপন মনোভাবের জন্যে অনুতপ্ত হবে।"(সূরা মায়িদাহ:৫১-৫২)

অবশেষে এই প্রসঙ্গেই বলেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ...

﴿المائدة: ٥٤﴾

অনুবাদ: "হে মু'মিনগণ, তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরে আল্লাহ এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে।"

(সূরা মায়িদাহ:৫৪)

তাই ইয়াহুদী-নাসারাদের সঙ্গে বন্ধুত্ব করতে যাদেরকে নিষেধ করা হয়েছে, রিদ্দাহর আয়াতের মধ্যেও তাদেরকেই সম্বোধন করা হয়েছে। আর আমরা সকলেই জানি যে, এটা সকল যুগের উম্মতকেই শামিল করবে। অর্থাৎ যখন কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করতে নিষেধ করলেন এবং বলে দিলেন যে, সম্বোধিত ব্যক্তিদের মধ্য থেকে যারা তাদের সাথে বন্ধুত্ব করবে, তারা তাদেরই মধ্য থেকে হবে, তখন এটাও বলে দিলেন যে, যারা তাদের সাথে বন্ধুত্ব করবে এবং দ্বীনে ইসলাম থেকে ফিরে যাবে, তারা ইসলামের কোন ক্ষতি করতে পারবে না।

বরং আল্লাহ তা'আলা তখনই এমন একটি দলকে নিয়ে আসবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারাও তাকে ভালবাসবে। ফলে তারা মু'মিনদের সাথেই বন্ধুত্ব করবে, কাফিরদের সাথে বন্ধুত্ব করবে না এবং তারা আল্লাহর পথে জিহাদ করবে, এক্ষেত্রে কোন

নিন্দুকের নিন্দার পরওয়া করবে না। যেমন আল্লাহ শুরুতেই কুফর অবলম্বন করার প্রসঙ্গে বলেছেন-

فَإِن يَكْفُرْ بِهَا هَٰؤُلَاءِ فَقَدْ وَكَّلْنَا بِهَا قَوْمًا لَّيْسُوا بِهَا بِكَافِرِينَ ﴿الأنعام: ٨٩﴾

অনুবাদ: **"অতএব, যদি এরা আপনার নবুয়ত অস্বীকার করে, তবে এর জন্যে এমন সম্প্রদায় নির্দিষ্ট করেছি, যারা এতে অবিশ্বাসী হবে না।"**(সূরা আন'আম:৮৯)

তাই এ সকল লোক, যারা ইসলামে প্রবেশই করেনি আর ওই সকল লোক, যারা ইসলামে প্রবেশ করার পর বের হয়ে গেছে, তারা ইসলামের কোন ক্ষতি করতে পারবে না। বরং আল্লাহ এমন দলকে প্রতিষ্ঠিত করে দিবেন, যারা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা নিয়ে এসেছেন, তার প্রতি ঈমান আনবে এবং কিয়ামত অবধি আল্লাহর দ্বীনকে সাহায্য করবে।

পাঁচ. আল্লাহ তা'আলা নিচের আয়াতে বন্ধুত্বকে সীমাবদ্ধ করে বলার কারণে যেটা বুঝে আসে-

إِنَّمَا وَلِيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رَاكِعُونَ.

﴿المائدة: ٥٥﴾

অনুবাদ: **"(হে মুসলিমগণ!) তোমাদের বন্ধু তো আল্লাহ তাঁর রসূল এবং মু'মিনবৃন্দ-যারা নামায কায়েম করে, যাকাত দেয় এবং বিনম্র।"** (সূরা মায়িদাহ:৫৫)

ছয়. আল্লাহর বাণী-

وَمَن يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ ﴿المائدة: ٥٦﴾

অনুবাদ: "আর যারা আল্লাহ, তাঁর রসূল এবং বিশ্বাসীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে, তারাই আল্লাহর দল এবং তারাই বিজয়ী।" অর্থাৎ যে কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করে, সে শয়তানের দলভুক্ত।"(সূরা মায়িদাহ:৫৬)

اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ فَأَنسَاهُمْ ذِكْرَ اللَّهِ أُولَٰئِكَ حِزْبُ الشَّيْطَانِ أَلَا إِنَّ حِزْبَ الشَّيْطَانِ هُمُ الْخَاسِرُونَ ﴿المجادلة: ١٩﴾

অনুবাদ: "শয়তান তাদেরকে বশীভূত করে নিয়েছে, অতঃপর আল্লাহর স্মরণ ভুলিয়ে দিয়েছে। তারা শয়তানের দল। সাবধান, শয়তানের দলই ক্ষতিগ্রস্ত।"(সূরা মুজাদালাহ:১৯)

চতুর্থ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الَّذِينَ اتَّخَذُوا دِينَكُمْ هُزُوًا وَلَعِبًا مِّنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلِكُمْ وَالْكُفَّارَ أَوْلِيَاءَ وَاتَّقُوا اللَّهَ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿المائدة: ٥٧﴾

অনুবাদ: "হে মু'মিনগণ, আহলে কিতাবদের মধ্য থেকে যারা তোমাদের ধর্মকে উপহাস ও খেলা মনে করে, তাদেরকে এবং অন্যান্য কাফিরকে বন্ধু রূপে গ্রহণ করো না। আল্লাহকে ভয় কর, যদি তোমরা ঈমানদার হও।"(সূরা মায়িদাহ:৫৭)

এ আয়াতটিও পূর্বোক্ত আয়াতগুলোর প্রেক্ষাপটেই। পূর্ববর্তী আয়াতগুলো যেটা বুঝিয়েছে তথা যারা কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করে ও তাদেরকে সাহায্য করে তারা মুরতাদ হয়ে যাবে-এটাকে আরো শক্তিশালী করেছে।

শাইখ আব্দুল লতিফ ইবনে আব্দুর রহমান আলুশ শাইখ ("আদদুরার" এর খন্ড নং-৮, পৃষ্ঠা নং-২৮৮) বলেন: তাই আল্লাহ তা'আলার এই বাণীতে চিন্তা করুন- وَاتَّقُوا اللَّهَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ "তোমরা প্রকৃত মু'মিন হলে আল্লাহকেই ভয় কর।" কেননা এই হরফটি (অর্থাৎ إن الشرطية) দাবি করে, যখন জাওয়াব পাওয়া যাবে না, তখন শর্তটিও পাওয়া যাবে না। এর অর্থ হল, যে তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে, সে তাদের-ই দলভুক্ত।

পঞ্চম দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

لَّا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ إِلَّا أَن تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً وَيُحَذِّرُكُمُ اللَّهُ نَفْسَهُ وَإِلَى اللَّهِ الْمَصِيرُ ﴿آل‌عمران: ٢٨﴾

অনুবাদ: "মু'মিনগন যেন অন্য মু'মিনকে ছেড়ে কেন কাফিরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যারা এরূপ করবে আল্লাহর সাথে তাদের কেন সম্পর্ক থাকবে না। তবে যদি তোমরা তাদের পক্ষ থেকে কোন অনিষ্টের আশঙ্কা কর, তবে তাদের সাথে সাবধানতার সাথে থাকবে আল্লাহ তা'আলা তাঁর সম্পর্কে তোমাদের সতর্ক করেছেন। এবং সবাই কে তাঁর কাছে ফিরে যেতে হবে।"(সূরা আলে ইমরান:২৮)

এ আয়াত প্রমাণ করে, যারা কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করে, তারা কাফির। কারণ যারা এটা করে তাদের ব্যাপারে আল্লাহ বলেছেন: فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ "যারা এরূপ করবে আল্লাহর সাথে তাদের কেন সম্পর্ক থাকবে না।"

ইবনে জারির রহ. (৩/২২৮ এ) বলেন:

এর অর্থ হল: হে ঈমানদারগণ! তোমরা কাফিরদেরকে এমন সাহায্যকারী ও বন্ধুরূপে গ্রহণ করো না যে, তাদের দ্বীনের ব্যাপারে তাদের সাথে বন্ধুত্ব করবে, মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে সমর্থন করবে, মুসলমানদের গোপন বিষয়াবলী তাদেরকে বলে দিবে। আর যে এমনটা করবে, আল্লাহর সঙ্গে তার কোন সম্পর্ক নেই। অর্থাৎ সে আল্লাহ থেকে সম্পর্কমুক্ত এবং আল্লাহও তার থেকে সম্পর্কমুক্ত। কারণ সে নিজের দ্বীন থেকে মুরতাদ হয়ে গেছে এবং কুফরের মধ্যে প্রবেশ করে ফেলেছে। তবে যদি তাদের থেকে আত্মরক্ষার জন্য কোন কাজ করো, তা এর ব্যতিক্রম। অর্থাৎ তবে যদি তোমরা তাদের ক্ষমতাধীন থাক, ফলে তাদের থেকে আশঙ্কা কর, এ কারণে মুখে তাদের সাথে বন্ধুত্ব প্রকাশ কর, কিন্তু অন্তরে শত্রুতাই লুকিয়ে রাখ, তাছাড়া তারা যে কুফরের উপর আছে, তাতে তাদের সাথে অংশগ্রহণ না কর বা কোন মুসলিমের বিরুদ্ধে কোন কাজের মাধ্যমে তাদেরকে সাহয্য না করো, তাহলে কোন সমস্যা নেই।

ষষ্ঠ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا ﴿النساء: ١٣٨﴾ الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ أَيَبْتَغُونَ عِندَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا ﴿النساء: ١٣٩﴾

অনুবাদ: "সেসব মুনাফেককে সুসংবাদ শুনিয়ে দিন যে, তাদের জন্য নির্ধারিত রয়েছে বেদনাদায়ক আযাব। যারা মুসলমানদের বর্জন করে কাফিরদেরকে নিজেদের বন্ধু বানিয়ে নেয় এবং তাদেরই কাছে সম্মান প্রত্যাশা করে, অথচ যাবতীয় সম্মান শুধুমাত্র আল্লাহরই জন্য।"(সূরা নিসা: ১৩৮-১৩৯)

মু'মিনদেরকে বাদ দিয়ে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করাকে আল্লাহ মুনাফিকদের বৈশিষ্ট্য বললেন। এটা আল্লাহ তা'আলার এই আয়াতের মত-

فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ ... ﴿المائدة: ٥٢﴾

অনুবাদ: "বস্তুতঃ যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলেঃ আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোন দুর্ঘটনায় পতিত হই।"(সূরা মায়িদাহ:৫২)

যেটার ব্যাপারে দ্বিতীয় দলিলে আলোচনা অতিবাহিত হয়েছে।

ইবনে জারির রহ. (৩/৩২৯ এ) বলেন: আল্লাহ তা'আলা তার নবীকে বলছেন: হে মুহাম্মাদ! ঐ সকল মুনাফিকদেরকে সুসংবাদ দাও, যারা কাফির ও ধর্মদ্রোহীদেরকে বন্ধুরূপে গ্রহণ করে, অর্থাৎ মু'মিনদেরকে বাদ দিয়ে তাদেরকে সাহায্যকারী ও ঘনিষ্ঠজন বানায়।

أيبتغون عندهم العزة "তাদেরই কাছে সম্মান প্রত্যাশা করে?" আল্লাহ তা'আলা বলছেন: তারা কি ঈমানদারদেরকে বাদ দিয়ে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তাদের নিকট সম্মান অন্বেষণ করছে? فإن العزة لله جميعا "অথচ যাবতীয় সম্মান শুধুমাত্র আল্লাহরই জন্য।"

আল্লাহ তা'আলা বলছেন: যারা মর্যাদা লাভের আশায় কাফিরদেরকে বন্ধু বানায়, তারাই লাঞ্ছিত ও নত হবে। তাই কেন তারা মু'মিনদেরকেই বন্ধুরূপে গ্রহণ করে না, সম্মান, ক্ষমতা ও বিজয় আল্লাহর নিকটই অন্বেষণ করে না, সকল ক্ষমতা ও সম্মান যার হাতে, যিনি কাউকে চাইলে সম্মানিত করেন আর কাউকে চাইলে লাঞ্ছিত করেন?

এ আয়াতের মতই নিচের আয়াতটিও-

সপ্তম দলিল

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِن قُوتِلْتُمْ لَنَنصُرَنَّكُمْ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿الحشر: ١١﴾

অনুবাদ: "আপনি কি মুনাফিকদেরকে দেখেন নি? তারা তাদের কিতাবধারী কাফির ভাইদেরকে বলেঃ তোমরা যদি বহিস্কৃত হও, তবে আমরা অবশ্যই তোমাদের সাথে দেশ থেকে বের হয়ে যাব এবং তোমাদের ব্যাপারে আমরা কখনও কারও কথা মানব না। আর যদি তোমরা আক্রান্ত হও, তবে আমরা অবশ্যই তোমাদেরকে সাহায্য করব। আল্লাহ তা'আলা সাক্ষ্য দেন যে, ওরা নিশ্চয়ই মিথ্যাবাদী।"(সূরা হাশর:১১)

এর প্রাসঙ্গিক আলোচনা- "সেসব মুনাফিককে সুসংবাদ শুনিয়ে দিন যে, তাদের জন্য নির্ধারিত রয়েছে বেদনাদায়ক আযাব"- এর আলোচনার মতই এবং فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَى أَنْ تُصِيبَنَا دَائِرَةٌ এর আলোচনার মতই।

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ রহ. ("আদদুরার" এর খন্ড নং-৮, পৃষ্ঠা নং-১৩৮ এ) বলেন: যে গোপনে মুশরিকদের সঙ্গে ওয়াদা করে যে, তাদের সাথে যোগ দিবে, তাদেরকে সাহায্য করবে এবং মুনাফিকী ও কুফরীর কারণে তাদেরকে নির্বাসিত করা হলে, সেও তাদের সঙ্গে বেরিয়ে যাবে, যদি সে-ই কাফির হয়ে যায়, তাহলে যে প্রকাশ্যে সত্য সত্যই তাদের প্রতি এরূপ বন্ধুত্ব প্রকাশ করে, তার কুফরী আরো কতটা স্পষ্ট?!

অষ্টম দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

لُعِنَ الَّذِينَ كَفَرُوا مِن بَنِي إِسْرَائِيلَ عَلَىٰ لِسَانِ دَاوُودَ وَعِيسَى ابْنِ مَرْيَمَ ذَٰلِكَ بِمَا عَصَوا وَّكَانُوا يَعْتَدُونَ ﴿المائدة: ٧٨﴾ كَانُوا لَا يَتَنَاهَوْنَ عَن مُّنكَرٍ فَعَلُوهُ لَبِئْسَ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿المائدة: ٧٩﴾ تَرَىٰ كَثِيرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِينَ كَفَرُوا لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ أَنفُسُهُمْ أَن سَخِطَ اللَّهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ ﴿المائدة: ٨٠﴾ وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَٰكِنَّ كَثِيرًا مِّنْهُمْ فَاسِقُونَ ﴿المائدة: ٨١﴾

অনুবাদ: "বনী-ইসলাঈলের মধ্যে যারা কাফির, তাদেরকে দাউদ ও মরিয়মতনয় ঈসার মুখে অভিসম্পাত করা হয়েছে। এটা একারণে যে, তারা অবাধ্যতা করত এবং সীমা লংঘন করত।

তারা পরস্পরকে মন্দ কাজে নিষেধ করত না, যা তারা করত। তারা যা করত তা অবশ্যই মন্দ ছিল। আপনি তাদের অনেককে দেখবেন, কাফিরদের সাথে বন্ধুত্ব করে। তারা নিজেদের জন্য যা পাঠিয়েছে তা অবশ্যই মন্দ। তা এই যে, তাদের প্রতি আল্লাহ ক্রোধান্বিত হয়েছেন এবং তারা চিরকাল আযাবে থাকবে। যদি তারা আল্লাহর প্রতি ও রসূলের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত, তবে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচার।”(সূরা মায়িদাহ:৮০-৮১)

এ আয়াতগুলো যারা কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করে তাদের কুফরী প্রমাণ করে কয়েকভাবে-

এক. আল্লাহ তা’আলা কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করাকে ঐ সকল লোকদের বৈশিষ্ট্য বলেছেন, যারা বনী ইসরাঈল সম্প্রদায়ের মধ্যে কুফুরী করেছিল এবং যারা দাউদ ও ঈসা ইবনে মারইয়ামের যবানীতে অভিশপ্ত হয়েছিল।

দুই. আল্লাহ তাদের সম্পর্কে বলেছেন: وَفِي الْعَذَابِ هُمْ خَالِدُونَ “তারা চিরকাল আযাবে থাকবে।”-এটা তো কাফিরদের আযাবেরই বৈশিষ্ট্য।

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ (৮/১২৮) বলেন: আল্লাহ তা’আলা উল্লেখ করলেন যে, শুধু কাফিরদের সঙ্গে বন্ধুত্বই আল্লাহর ক্রোধ সৃষ্টিকারী এবং চিরস্থায়ী জাহান্নামে প্রবেশের কারণ। যদিও ভয়ে করুক না কেন। তবে সকল শর্তসহ ‘মুকরাহ’ (বলপ্রয়োগকৃত) সাব্যস্ত হলে ভিন্ন কথা।

তিন. আল্লাহ তা'আলা বলেছেন-

وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنْزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ وَلَكِنَّ كَثِيراً مِنْهُمْ فَاسِقُونَ.

অনুবাদ: "যদি তারা আল্লাহর প্রতি ও রসূলের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত, তবে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচার।"

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. (মাজমুউল ফাতাওয়া (খন্ড নং-৭, পৃষ্ঠা নং-১৭) বলেন: আল্লাহ তা'আলা একটি শর্তমূলক বাক্য উল্লেখ করেছেন, যা দাবি করে, যখনই শর্তটি পাওয়া যাবে, তখনই শর্তকৃত বস্তুটিও পাওয়া যাবে। আর যখন শর্তটি পাওয়া যাবে না, তখন শর্তকৃত বস্তুটিও পাওয়া যাবে না। তাই আল্লাহ তা'আলা বললেন: وَلَوْ كَانُوا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالنَّبِيِّ وَمَا أُنْزِلَ إِلَيْهِ مَا اتَّخَذُوهُمْ أَوْلِيَاءَ "যদি তারা আল্লাহর প্রতি ও রসূলের প্রতি অবতীর্ণ বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করত, তবে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করত না। কিন্তু তাদের মধ্যে অনেকেই দুরাচার।"

তাই এটা প্রমাণ করে যে, উল্লেখিত ঈমান তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করার পরিপন্থি এবং বিরোধী। একই অন্তরের মধ্যে ঈমান এবং তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করা পাওয়া যেতে পারে না।

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ ("আদদুরার" ৮/১২৯) বলেন: আল্লাহ তা'আলা উল্লেখ করলেন যে, কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করা আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর কুরআনের প্রতি ঈমান

আনার বিরোধী ও পরিপন্থি। তারপর আল্লাহ তা'আলা এর কারণ জানালেন যে, তাদের অধিকাংশই পাপাচারী ছিল।

কে মুসিবতে পড়ার ভয়ে করেছিল? তা উল্লেখ করেননি, এ ধরনের কোন পার্থক্য আল্লাহ করলেন না। এমনিভাবে এ সকল মুরতাদদের অধিকাংশের অবস্থাই এমন যে, তারা ধর্মত্যাগের পূর্বেও পাপাচারী ছিল। তাই এটাই তাদেরকে কাফিরদের সঙ্গে বন্ধুত্ব এবং দ্বীন থেকে বের হয়ে যাওয়া পর্যন্ত পৌঁছিয়েছে। আমরা আল্লাহর নিকট এর থেকে পানাহ চাই।

নবম দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

وَالَّذِينَ كَفَرُوا بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ إِلَّا تَفْعَلُوهُ تَكُن فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ ﴿الأنفال: ٧٣﴾

অনুবাদ: "আর যারা কাফির তারা পারস্পরিক সহযোগী, বন্ধু। তোমরা যদি এমন ব্যবস্থা না কর, তবে দাঙ্গা-হাঙ্গামা বিস্তার লাভ করবে এবং দেশময় বড়ই অকল্যাণ হবে।"

(সূরা আনফাল:৭৩)

এ আয়াত কয়েকভাবে কাফিরদের সঙ্গে বন্ধুত্বকারীদের কুফরী বুঝায়। যথা:

এক. আল্লাহর বাণী- وَالَّذِينَ كَفَرُوا بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ "আর যারা কাফির তারা পারস্পরিক সহযোগী, বন্ধু। সুতরাং যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে আল্লাহর এই কথার অন্তর্ভুক্ত-

بعضهم ('তাদের কতক')। যেমন আল্লাহ তা'আলা ইয়াহুদী-নাসারাদের ব্যাপারে বলেছেন: بعضهم أولياء بعض যা পূর্বে ১ নং দলিলে আলোচিত হয়েছে।

দুই. আল্লাহর বাণী- إِلَّا تَفْعَلُوهُ تَكُنْ فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ "তোমরা যদি এমন ব্যবস্থা না কর, তবে দাঙ্গা-হাঙ্গামা বিস্তার লাভ করবে এবং দেশময় বড়ই অকল্যাণ হবে।" আর ফেৎনা কুরআনে কয়েকটি অর্থে আসে, তার মধ্যে একটি হল শিরক ও কুফর। যেমন আল্লাহর বাণী- وَقَاتِلُوهُمْ حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ "তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে থাক, যাবত না ফেৎনা নির্মূল হয়।" আল্লাহর বাণী- وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ "আর ফেৎনা তো হত্যার চেয়েও গুরুতর।"

আল্লাহর বাণী- فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ "সুতরাং যারা তার আদেশের বিরুদ্ধাচরণ করে, তাদের ভয় করা উচিত, না জানি তাদের উপর কোন ফেৎনা আপতিত হয় অথবা যন্ত্রণাদায়ক কোন শাস্তি তাদেরকে আক্রান্ত করে।"

এছাড়াও আরো অনেক আয়াত রয়েছে।

ইবনে কাসীর রহ. বলেন: আল্লাহর বাণী- إِلَّا تَفْعَلُوهُ تَكُنْ فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ "তোমরা যদি এমন ব্যবস্থা না কর, তবে দাঙ্গা-হাঙ্গামা বিস্তার লাভ করবে এবং দেশময় বড়ই অকল্যাণ হবে।"এর অর্থ হল, অর্থাৎ যদি তোমরা মুশরিকদেরকে বর্জন না করো আর মু'মিনদের সাথে বন্ধুত্ব না করো, তাহলে মানুষের মাঝে ফেৎনা দেখা দিবে। আর ফেৎনা হল, দ্বীনের বিষয়

অস্পষ্ট হয়ে যাওয়া এবং মু'মিন-কাফির মিশ্রিত হয়ে যাওয়া। ফলে মানুষের মাঝে ব্যাপক বিশৃঙ্খলা দেখা দিবে।

শাইখ আব্দুল লতীফ ইবনে আব্দুর রহমান ইবনে হাসান আলুশ শাইখ ('আদদুরার' খন্ড নং- ৮, পৃষ্ঠা নং- ৩২৪-৩২৬) বলেন: তাদের সঙ্গে বন্ধুত্ব ও আন্তরিকতা করার ব্যাপারে কুরআনে যে সমস্ত নিষেধাজ্ঞা ও মারাত্মক ধমকি এসেছে, তা একথারই উপর প্রমাণ বহন করে যে, সবচেয়ে বড় মূলনীতি হল: আল্লাহর শত্রুদের সঙ্গে শত্রুতা করা, তাদের বিরুদ্ধে যুদ্ধ-জিহাদ করা, তাদের থেকে সম্পর্ক ছিন্ন করা, তাদেরকে ক্রোধান্বিত করা এবং তাদের সমালোচনা করার মাধ্যমে আল্লাহর নৈকট্য হাসিল করা ব্যতিত কিছুতেই ঈমান সুদৃঢ় হয় না এবং স্থির থাকে না।

আল্লাহ তা'আলা এটা বলেছিলেন, যখন মু'মিনদের মাঝে পারস্পরিক বন্ধুত্বের সম্পর্ক স্থাপন করে দেওয়া হয়েছিল। আর তখন তিনি জানিয়ে দেন যে, কাফিররা একে অপরের বন্ধু। আল্লাহ বলেন: إِلَّا تَفْعَلُوهُ تَكُنْ فِتْنَةٌ فِي الْأَرْضِ وَفَسَادٌ كَبِيرٌ "তোমরা যদি এমন ব্যবস্থা না কর, তবে দাঙ্গা-হাঙ্গামা বিস্তার লাভ করবে এবং দেশময় বড়ই অকল্যাণ হবে।" ফেৎনা হল শিরক। আর ফাসাদে কাবির বা মহা বিপর্যয় হল, তাওহীদ ও ইসলামের আকিদা নষ্ট হয়ে যাওয়া এবং আল্লাহ যে সমস্ত বিধান ও পদ্ধতি দিয়েছেন তা মুছে যাওয়া।

দশম দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ فَتَنقَلِبُوا خَاسِرِينَ ﴿آل‌عمران: ١٤٩﴾ بَلِ اللَّهُ مَوْلَاكُمْ وَهُوَ خَيْرُ النَّاصِرِينَ ﴿آل‌عمران: ١٥٠﴾

অনুবাদ: **"হে ঈমানদারগণ! তোমরা যদি কাফিরদের কথা শোন, তাহলে ওরা তোমাদেরকে পেছনে ফিরিয়ে দেবে, তাতে তোমরা ক্ষতির সম্মুখীন হয়ে পড়বে। বরং আল্লাহ তোমাদের সাহায্যকারী, আর তাঁর সাহায্যই হচ্ছে উত্তম সাহায্য।"**(সূরা আলে ইমরান: ১৪৯-১৫০)

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ আলুশ শাইখ ('আদদুরার' ৮/১২৪) বলেন: আল্লাহ তা'আলা জানিয়ে দিলেন যে, মু'মিনগণ যদি কাফিরদের কথা মানে, তাহলে তারা অবশ্যই মু'মিনদেরকে তাদের ইসলাম থেকে পিছন দিকে ফিরিয়ে নিয়ে যাবে। কারণ তারা কুফর ব্যতিত কিছুতেই তাদের ব্যাপারে আশ্বস্ত হবে না। আল্লাহ তা'আলা আরো জানালেন যে, তারা যদি এটা করে, তাহলে তারা দুনিয়া ও আখিরাতে ক্ষতিগ্রস্থ হয়ে পড়বে।

আল্লাহ তা'আলা তাদের কথা মানা বা তাদের আনুগত্য করার কোন সুযোগই দিলেন না, কারণ তাদের থেকে আশঙ্কা আছে। আর এটাই বাস্তবতা। কারণ কেউ তাদের সাথে সহমত পোষণ করলে, তারা ততক্ষণ পর্যন্ত আশ্বস্ত হবে না, যতক্ষণ না সে তাদের ব্যাপারে এ সাক্ষ্য দেয় যে, তারা হকের উপর আছে আর মুসলিমদের প্রতি শত্রুতা ও বিদ্বেষ পোষণ করে এবং সম্পর্ক ছিন্ন করে।

তারপর আল্লাহ তা'আলা বললেন: ﴿بَلِ اللَّهُ مَوْلَاكُمْ وَهُوَ خَيْرُ النَّاصِرِينَ﴾ (آل‌عمران: ١٥٠) "বরং আল্লাহ তোমাদের সাহায্যকারী, আর তাঁর সাহায্যই হচ্ছে উত্তম সাহায্য।" আল্লাহ তা'আলা জানালেন যে, তিনিই মু'মিনদের অভিভাবক ও সাহায্যকারী এবং তিনি সর্বশ্রেষ্ঠ সাহায্যকারী। তাই তাঁর সাথে বন্ধুত্ব করা এবং তাঁর কথা মানাই যথেষ্ট, কাফিরদের কথা মানার কোন প্রয়োজন নেই।

একাদশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

﴿إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَىٰ أَدْبَارِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَىٰ لَهُمْ﴾ (محمد: ٢٥) ﴿ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللَّهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ وَاللَّهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ﴾ (محمد: ٢٦)

অনুবাদ: "নিশ্চয় যারা সোজা পথ ব্যক্ত হওয়ার পর তৎপ্রতি পৃষ্ঠপ্রদর্শন করে, শয়তান তাদের জন্যে তাদের কাজকে সুন্দর করে দেখায় এবং তাদেরকে মিথ্যা আশা দেয়। এটা এজন্য যে, তারা তাদেরকে বলে, যারা আল্লাহর অবতীর্ণ কিতাব অপছন্দ করেঃ আমরা কোন কোন ব্যাপারে তোমাদের কথা মান্য করব। আল্লাহ তাদের গোপন পরামর্শ অবগত আছেন।"

(সূরা মুহাম্মাদ:২৫-২৬)

এখানে আল্লাহ তা'আলা তাদের কুফরীর কারণ বর্ণনা করলেন যে, তারা কাফিরদের উদ্দেশ্যে বলে, যারা আল্লাহর অবতীর্ণ বিধানকে অপছন্দ করে: আমরা কিছু কিছু বিষয়ে তোমাদের

কথা মানবো। তারা তাদেরকে প্রতিশ্রুতি দিয়েছিল, কিছু বিষয়ে তাদেরকে মানার, সকল বিষয়ে মানার প্রতিশ্রুতি দেয়নি, এতদ্বসত্ত্বেও এটা তাদের পক্ষ থেকে রিদ্দাহ বা ধর্মত্যাগ হিসাবে বিবেচিত হয়েছে।

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ আলুশ শাইখ রহ. ('আদদুরার' ৮/১৩৬) বলেন: যে আল্লাহর অবতীর্ণ বিধান অপছন্দকারী মুশরিকদেরকে কিছু কিছু বিষয়ে আনুগত্য করার প্রতিশ্রুতি দেয়, সে-ই যদি কাফির হয়- যদিও যা ওয়াদা করেছে, তা এখনো করেনি- তাহলে যারা আল্লাহর অবতীর্ণ বিধান অপছন্দকারী মুশরিকদের সহমতাবলম্বী হয়ে যায়, তাদের কি অবস্থা হবে?!

দ্বাদশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا ﴿النساء: ٧٦﴾

অনুবাদ: "যারা ঈমানদার তারা যে, জেহাদ করে আল্লাহর রাহেই। পক্ষান্তরে যারা কাফির তারা লড়াই করে শয়তানের পক্ষে সুতরাং তোমরা জেহাদ করতে থাক শয়তানের পক্ষালম্বনকারীদের বিরুদ্ধে, (দেখবে) শয়তানের চক্রান্ত একান্তই দুর্বল।"(সূরা নিসা:৭৬)

আল্লাহ তা'আলা সুস্পষ্টভাবে বলে দিলেন যে, যারা কাফির, তারাই তাগুতের পথে যুদ্ধ করে এবং তারা হল শয়তানের বন্ধু। যারা তাদের সাথে মিলে যুদ্ধ করবে, তারা এ সকল বৈশিষ্ট্যসহই তাদের সঙ্গী হবে।

আর যুদ্ধ হাত, যবান, সম্পদ এবং আরো যেগুলোর দ্বারা সাহায্য করা যায়, সবগুলো দ্বারাই হয়। যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তোমরা মুশরিকদের বিরুদ্ধে জিহাদ করো, তোমাদের সম্পদ দিয়ে, জীবন দিয়ে এবং যবান দিয়ে। এমনিভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: আল্লাহ তা'আলা একটি তীরের মাধ্যমে তিন শ্রেণীর লোককে জান্নাতে প্রবেশ করান: ১. তার কারিগরকে, যে তা গড়ার ক্ষেত্রে কল্যাণের নিয়ত করেছে। ২. তার নিক্ষেপকারীকে এবং ৩. তা প্রদানকারীকে।

সুতরাং এই আয়াতটি প্রমাণ করল যে, যারা মুসলিমদের বিরুদ্ধ তাদেরকে সাহায্য করবে, যেকোন ধরনের সাহায্য হোক, তারা শয়তানের বন্ধুদের মধ্য থেকে।

ত্রয়োদশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ الَّذِي آتَيْنَاهُ آيَاتِنَا فَانسَلَخَ مِنْهَا فَأَتْبَعَهُ الشَّيْطَانُ فَكَانَ مِنَ الْغَاوِينَ ﴿الأعراف: ١٧٥﴾

অনুবাদ: “আর আপনি তাদেরকে শুনিয়ে দিন, সে লোকের অবস্থা, যাকে আমি নিজের নিদর্শনসমূহ দান করেছিলাম, অথচ সে তা পরিহার করে বেরিয়ে গেছে। আর তার পেছনে লেগেছে শয়তান, ফলে সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়ে পড়েছে।”(সূরা আ'রাফ:১৭৫)

ইবনে জারির রহ. তার নিজ সনদে বর্ণনা করেন, (তাফসীরে তাবারী ৯/১২৩): হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন: যখন মূসা আলাইহিস সালাম ও তাঁর সঙ্গীগণ দাপটশালী সম্প্রদায়ের নিকট আসলেন, তখন তার (অর্থাৎ বালআম বাউরার) নিকট তার চাচারা ও তার কওমের লোকেরা আগমন করল। তারা বলল: মূসা তো একজন লৌহমানব। তাঁর সাথে আছে অনেক সৈন্য-সামন্ত। সে যদি আমাদের উপর বিজয়ী হয়, তবে তো আমাদেরকে ধ্বংস করে ফেলবে। তাই তুমি আল্লাহর নিকট দু'আ করো, যেন আল্লাহ মূসা ও তার সঙ্গীদেরকে ফিরিয়ে দেন।

সে বলল: আমি যদি মূসা ও তার সঙ্গীদেরকে ফিরিয়ে দিতে আল্লাহর নিকট দু’আ করি, তাহলে আমার দুনিয়া-আখিরাত উভয়টা যাবে। কিন্তু তারা বারংবার পীড়াপিড়ির কারণে অবশেষে সে দু'আ করল। ফলে আল্লাহ তাকে উল্টিয়ে দিলেন। এটার ব্যাপারেই আল্লাহ বলেছেন: فَانسَلَخَ مِنْهَا فَأَتْبَعَهُ الشَّيْطَانُ فَكَانَ مِنَ الْغَاوِينَ “অথচ সে তা পরিহার করে বেরিয়ে গেছে। আর তার পেছনে লেগেছে শয়তান, ফলে সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়ে পড়েছে।”

এখানে সে কাফিরদেরকে সাহায্য করেনি। বরং তাদের জন্য শুধু দু'আ করেছে, যেন আল্লাহ মূসা ও তাঁর সাথীদেরকে ফিরিয়ে দেন। ফলে এটাই ছিল আল্লাহর নিদর্শনাবলী থেকে ছিটকে

যাওয়া বা ফিরে যাওয়া। তাহলে যে তাদেরকে সাহায্য-সহযোগিতা করে, তাদের কী অবস্থা হবে?!

চতুর্দশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنفُسِهِمْ قَالُوا فِيمَ كُنتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَٰئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا﴾ (النساء: ٩٧﴿

অনুবাদ: **"যারা নিজের অনিষ্ট করে, ফেরেশতারা তাদের প্রাণ হরণ করে বলে, তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলেঃ এ ভূখন্ডে আমরা অসহায় ছিলাম। ফেরেশতারা বলেঃ আল্লাহর পৃথিবী কি প্রশস্ত ছিল না যে, তোমরা দেশত্যাগ করে সেখানে চলে যেতে? অতএব, এদের বাসস্থান হল জাহান্নাম এবং তা অত্যন্ত মন্দ স্থান।"**(সূরা নিসা:৯৭)

ইমাম বুখারী রহ. তাঁর সহীহ বুখারীতে আবূল আসওয়াদ মুহাম্মদ ইবনে আব্দুর রহমান থেকে বর্ণনা করেন, আবূল আসওয়াদ বলেন: মদিনাবাসীর নিকট দিয়ে একটি কাফেলা অতিক্রম করল। তখন আমি তাদের দলভুক্ত হলাম। অত:পর হযরত ইবনে আব্বাস রাযি.এর গোলাম ইকরিমার সাথে আমার সাক্ষাৎ হল। আমি তাকে বিষয়টি জানালে তিনি আমাকে কঠোরভাবে নিষেধ করলেন। আমাকে বললেন: হযরত ইবনে আব্বাস রাযি. আমাকে বলেছেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় মুসলমানদের একটি দল মুশরিকদের সাথে ছিল। তারা তাদের দল ভারি করেছিল। এ সময় তাদের কেউ গায়ে তীর এসে বিদ্ধ হওয়ার ফলে

নিহত হল, কেউ গর্দানে তরবারীর আঘাত লাগার ফলে নিহত হল। তখন আল্লাহ তা'আলা এই আয়াতটি নাযিল করলেন- إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنفُسِهِمْ যে সকল মুসলিমদের ব্যাপারে এ আয়াতটি নাযিল হয়েছে, উলামায়ে কেরাম তাদের ব্যাপারে ইখতিলাফ করেছেন যে, যারা কাফিরদের সঙ্গে বের হয়ে তাদের দল ভারি করছিল: তারা কি শুধু গুনাহগার মুসলিম হিসাবে মারা গিয়েছিল, নাকি এই কাজের মাধ্যমে মুরতাদ হয়ে গিয়েছিল? যেহেতু তাদের এ কাজটি ছিল কুফর।

কিন্তু উলামায়ে কেরামের কেউ কেউ তাদের ওযর গণ্য করেছেন। তো যারা তাদেরকে তাকফীর করেননি, তারা এই বিবেচনা করেছেন যে, তারা বলপ্রয়োগের শিকার ছিল। আর ইকরাহ বা বলপ্রয়োগ কুফরের ক্ষেত্রে একটি ওযর। আর যারা তাদেরকে তাকফীর করেছেন, তারা দেখেছেন যে, বলপ্রয়োগের শিকার হওয়ার কারণ তারা নিজেরাই। যেহেতু তারা সামর্থ্য থাকা সত্ত্বেও হিজরত থেকে পিছিয়ে ছিল। তবে সকলেই এ ব্যাপারে একমত যে, হত্যা করার ক্ষেত্রে তাদের সাথে কাফিরদের মু'আমালাই করা হবে।

পক্ষান্তরে যারা কোন ধরনের বলপ্রয়োগের শিকার হওয়া ব্যতিত কাফিরদেরকে সাহায্য করে, তাদের কুফর ও ধর্মত্যাগের ব্যাপারে তো কোন সন্দেহ-ই নেই।

পঞ্চদশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার বাণী-

اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا يُخْرِجُهُم مِّنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَالَّذِينَ كَفَرُوا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوتُ يُخْرِجُونَهُم مِّنَ النُّورِ إِلَى الظُّلُمَاتِ أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿البقرة: ٢٥٧﴾

অনুবাদ: "যারা ঈমান এনেছে, আল্লাহ তাদের অভিভাবক। তাদেরকে তিনি বের করে আনেন অন্ধকার থেকে আলোর দিকে। আর যারা কুফরী করে তাদের অভিভাবক হচ্ছে তাগুত। তারা তাদেরকে আলো থেকে বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়। এরাই হলো দোযখের অধিবাসী, চিরকাল তারা সেখানেই থাকবে।"(সূরা বাকারাহ:২৫৭)

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা এ আয়াতে সুস্পষ্টভাবে বর্ণনা করে দিলেন যে, কাফিরদের সহযোগীরাই তাগুত। তাই যে তাদেরকে সাহায্য করবে, সে তাদের তাগুতের মতই হবে।

ষষ্ঠদশ দলিল:

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ইসলামে প্রবেশের জন্য ঈমানের সাথে সাথে তাগুতকে অস্বীকার করাও শর্ত করেছেন। তাই আল্লাহ তা'আলা বলেছেন-

فَمَن يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِن بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ لَا انفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿البقرة: ٢٥٦﴾

অনুবাদ: "এখন যারা গোমরাহকারী 'তাগুত'দেরকে মানবে না এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে ধারণ করে নিয়েছে সুদৃঢ় হাতল যা ভাংবার নয়। আর আল্লাহ সবই শুনেন এবং জানেন।"(সূরা নিসা:২৫৬)

আল্লাহ তা'আলা আরো বলেছেন-

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ ... ﴿النحل: ٣٦﴾

অনুবাদ: "আমি প্রত্যেক উম্মতের মধ্যেই রাসূল প্রেরণ করেছি এই মর্মে যে, তোমরা আল্লাহর এবাদত কর এবং তাগুত থেকে নিরাপদ থাক।"(সূরা নাহল:৩৬)

আল্লাহ তা'আলা আরো বলেছেন-

وَالَّذِينَ اجْتَنَبُوا الطَّاغُوتَ أَن يَعْبُدُوهَا وَأَنَابُوا إِلَى اللَّهِ لَهُمُ الْبُشْرَىٰ فَبَشِّرْ عِبَادِ ﴿الزمر: ١٧﴾

অনুবাদ: "যারা শয়তানী শক্তির পূজা-অর্চনা থেকে দূরে থাকে এবং আল্লাহ অভিমুখী হয়, তাদের জন্যে রয়েছে সুসংবাদ। অতএব, সুসংবাদ দিন আমার বান্দাদেরকে।"(সূরা যুমার:১৭)

আল্লাহ তা'আলা আরো বলেছেন-

يُرِيدُونَ أَن يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَن يَكْفُرُوا بِهِ... ﴿النساء: ٦٠﴾

অনুবাদ: "তারা বিরোধীয় বিষয়কে শয়তানের দিকে নিয়ে যেতে চায়, অথচ তাদের প্রতি নির্দেশ হয়েছে, যাতে তারা ওকে মান্য না করে।"(সূরা নিসা:৬০)

আর যে ব্যক্তি তাদেরকে সাহায্য করল, সে তাগুতকে অস্বীকার করল না। কারণ পূর্বে আলোচনা করা হয়েছে যে, কাফিররাই তাগুতের পথে লড়াই করে। যেমন আল্লাহ তা'আলা বলেছেন-

الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا ﴿النساء: ٧٦﴾

অনুবাদ: “যারা ঈমানদার তারা যে, জেহাদ করে আল্লাহর রাহেই। পক্ষান্তরে যারা কাফির তারা লড়াই করে শয়তানের পক্ষে সুতরাং তোমরা জেহাদ করতে থাক শয়তানের পক্ষালম্বনকারীদের বিরুদ্ধে, (দেখবে) শয়তানের চক্রান্ত একান্তই দুর্বল।”(সূরা নিসা:৭৬)

তৃতীয় পরিচ্ছেদ

সুন্নাহ থেকে দলিল

প্রথম দলিল:

সহীহাইন ও অন্যান্য কিতাবে এসেছে, ফাতহে মক্কা প্রসঙ্গে হযরত আলী রাযি. থেকে বর্ণিত,

بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَالزُّبَيْرَ وَالْمِقْدَادَ بْنَ الْأَسْوَدِ قَالَ انْطَلِقُوا حَتَّى تَأْتُوا رَوْضَةَ خَاخٍ فَإِنَّ بِهَا ظَعِينَةً وَمَعَهَا كِتَابٌ فَخُذُوهُ مِنْهَا فَانْطَلَقْنَا تَعَادَى بِنَا خَيْلُنَا حَتَّى انْتَهَيْنَا إِلَى الرَّوْضَةِ فَإِذَا نَحْنُ بِالظَّعِينَةِ فَقُلْنَا أَخْرِجِي الْكِتَابَ فَقَالَتْ مَا مَعِي مِنْ كِتَابٍ فَقُلْنَا لَتُخْرِجِنَّ الْكِتَابَ أَوْ لَنُلْقِيَنَّ الثِّيَابَ فَأَخْرَجَتْهُ مِنْ عِقَاصِهَا فَأَتَيْنَا بِهِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا فِيهِ مِنْ حَاطِبِ بْنِ أَبِي بَلْتَعَةَ إِلَى أُنَاسٍ مِنْ الْمُشْرِكِينَ مِنْ أَهْلِ مَكَّةَ يُخْبِرُهُمْ بِبَعْضِ أَمْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا حَاطِبُ مَا هَذَا قَالَ يَا رَسُولَ اللَّهِ لَا تَعْجَلْ عَلَيَّ إِنِّي كُنْتُ امْرَأً مُلْصَقًا فِي قُرَيْشٍ وَلَمْ أَكُنْ مِنْ أَنْفُسِهَا وَكَانَ مَنْ مَعَكَ مِنْ الْمُهَاجِرِينَ لَهُمْ قَرَابَاتٌ بِمَكَّةَ يَحْمُونَ بِهَا أَهْلِيهِمْ وَأَمْوَالَهُمْ فَأَحْبَبْتُ إِذْ فَاتَنِي ذَلِكَ مِنْ النَّسَبِ فِيهِمْ أَنْ أَتَّخِذَ عِنْدَهُمْ يَدًا يَحْمُونَ بِهَا قَرَابَتِي وَمَا فَعَلْتُ كُفْرًا وَلَا ارْتِدَادًا وَلَا رِضًا بِالْكُفْرِ بَعْدَ الْإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَدْ صَدَقَكُمْ قَالَ عُمَرُ يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَضْرِبْ عُنُقَ هَذَا الْمُنَافِقِ قَالَ إِنَّهُ قَدْ شَهِدَ بَدْرًا وَمَا يُدْرِيكَ لَعَلَّ اللَّهَ أَنْ يَكُونَ قَدْ اطَّلَعَ عَلَى أَهْلِ بَدْرٍ فَقَالَ اعْمَلُوا مَا شِئْتُمْ فَقَدْ غَفَرْتُ لَكُمْ.

অনুবাদ: “তিনি (হযরত আলী রাযি.) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম- আমি, যুবাইর ও মিকদাদকে একটি অভিযানে প্রেরণ করলেন। আমাদেরকে বলে দিলেন, তোমরা যেতে যেতে রওজায়ে খাখে গিয়ে পৌঁছবে। সেখানে একজন ঘোরসওয়ার নারীকে পাবে, তার সাথে একটি পত্র আছে, সেটা তার থেকে নিয়ে আসবে। আমরা রওয়ানা দিলাম। আমাদের ঘোড়া আমাদের নিয়ে উর্ধ্বশ্বাসে ছুটে চলল। অবশেষে আমরা রওজায়ে খাখে পৌঁছে গেলাম। সেখানে সেই ঘোরসওয়ার নারীকে দেখতে পেলাম। আমরা তাকে বললাম: পত্র বের কর। বলল: আমার সাথে কোন পত্র নেই। আমরা বললাম: অবশ্যই পত্র বের করবে, অন্যথায় আমরা কাপড় খুলে বের করব। তিনি বলেন, তখন উক্ত মহিলা তার চুলের খোপা থেকে চিঠি বের করল। আমরা পত্রটি নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট চলে আসলাম। তাতে দেখলাম: হাতিব ইবনে আবি বালতাআর পক্ষ থেকে মক্কার কতিপয় মুশরিকদের প্রতি। সে তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিছু বিষয়ের তথ্য দিয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: হে হাতিব! এটা কি? বলল: আমার ব্যাপারে তাড়াহুড়া করবেন না! আমি কুরাইশদের সাথে সম্পর্কিত একজন লোক, কিন্তু তাদের বংশের নই। আর আপনার সাথে যত মুহাজির আছে, প্রত্যেকেরই অনেক আত্মীয়-স্বজন আছে, যারা মক্কায় তাদের পরিবারকে রক্ষা করবে। তাই আমার মনে চাইল, যেহেতু আমার বংশীয় সম্পর্ক নেই, তাই তাদের সাথে একটি সম্পর্কের পথ তৈরী করি, যাতে এর কারণে তারা আমার আত্মীয়-স্বজনকে রক্ষা করে। আমি এটা

ইসলামের পর কুফরীর প্রতি সন্তুষ্ট হয়ে বা আমার দ্বীন থেকে ফিরে গিয়ে বা কুফরী করার জন্য করিনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে তোমাদেরকে সত্যই বলেছে। তখন হযরত উমর রাযি. বললেন: আমাকে সুযোগ দিন, আমি এই মুনাফিকের গরদানটা উড়িয়ে দেই। কোন কোন বর্ণনায় আছে: কারণ সে কাফির হয়ে গেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে তো বদরে অংশগ্রহণ করেছে। আর তুমি কি জান, হয়ত আল্লাহ বদরবাসীদের অন্তরের খবর জেনেই বলে দিয়েছেন: তোমরা যা ইচ্ছা করো, কারণ আমি তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি।" (বুখারী-মুসলিম)

এই ঘটনাটি প্রমাণ করে যে, কাফিরদের পৃষ্ঠপোষকতা ও সাহায্যের ক্ষেত্রে মূলনীতি হল: এটা ধর্মত্যাগ এবং ইসলাম থেকে বের হয়ে যাওয়া। তা প্রমাণিত হয় তিনভাবে:

প্রথমত: হযরত উমর রাযি. এর বক্তব্য- আমাকে সুযোগ দিন, আমি এই মুনাফিকের গর্দান উড়িয়ে দেই। কোন কোন বর্ণনায় এসেছে, কারণ সে কাফির হয়ে গেছে। কোন কোন বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বললেন: সে কি বদরে অংশগ্রহণ করেনি? তখন হযরত উমর রাযি. বললেন: হ্যাঁ, তবে সে প্রতিশ্রুতি ভঙ্গ করেছে এবং আপনার শত্রুদেরকে সাহায্য করেছে। এটাই প্রমাণ করে যে, হযরত উমর রাযি. এর নিকট এটি সুনির্ধারিত মূলনীতি ছিল যে, কাফিরদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ।

দ্বিতীয়ত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক হযরত উমর রাযি. এর বুঝকে সমর্থন করা। তবে তিনি হযরত হাতিব রাযি. এর ওযরটি গ্রহণ করেছেন।

তৃতীয়ত: হযরত হাতিব রাযি. বলেছেন: আমি এটি কুফরী করার জন্য, দ্বীন থেকে ফিরে যাওয়ার জন্য বা ইসলামের পর কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি।

এটা প্রমাণ করে যে, তার নিকটও এটি সুনিশ্চিত মূলনীতি ছিল যে, কাফিরদের সহযোগিতা করা কুফর, ধর্মত্যাগ এবং কুফরের প্রতি সন্তুষ্ট হওয়া।

তাহলে যদি হযরত হাতিব রাযি. এর ঘটনার মত ঘটনার মধ্যেই এমন ধারণা করা যায়, অথচ তিনি নিজ জীবন ও সম্পদ দিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে মিলে যুদ্ধ করছিলেন, তাঁর শত্রু মুশরিকদের বিরুদ্ধে তার সহযোগী ও সমর্থক ছিলেন, আর কাফিরদেরকে জান বা মাল দিয়ে সাহায্য-সহযোগিতা করেননি, বরং তার কাজটি ছিল সম্ভাব্য, তথাপি তাঁর ব্যাপারে যা বলা হল, তাহলে যারা কাফিরদেরকে কার্যত পৃষ্ঠপোষকতা করে, মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য-সহযোগিতা করে, নিশ্চয়ই এতে কোন সন্দেহ নেই যে, হাদিসে উল্লেখিত বিধানগুলোর জন্য তারাই অধিক উপযোগী।

এখানে উল্লেখ্য যে, উল্লেখিত হাদিসটি নিয়ে মানুষের মাঝে অনেক সংশয় ছড়িয়ে আছে, সামনে তৃতীয় পর্বে তার ব্যাপারে পর্যালোচনা করব, ইনশা আল্লাহ।

দ্বিতীয় দলিল:

ইবনে ইসহাক ও অন্যান্য ইমামগণ, ইয়াযিদ ইবনে রোমান থেকে, তিনি উরওয়া থেকে, তিনি ইমাম যুহরী থেকে এবং তিনি একদল সাহাবী থেকে বর্ণনা করেন, যাদের নামও তিনি উল্লেখ করেছেন। উক্ত সাহাবীগণ বলেন: কুরাইশগণ তাদের বন্দিদের মুক্তিপণ দিয়ে রাসূলুল্লাহ

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট লোক পাঠাল। অত:পর যে যে পরিমাণে রাজি হল, সে সে পরিমাণ মুক্তিপণ দিয়ে তাদের বন্দিদের মুক্ত করল। হযরত আব্বাস রাযি. বদরের যুদ্ধে বাধ্য হয়ে কাফিরদের সঙ্গে যুদ্ধে বের হয়েছিলেন। তিনি বললেন: হে আল্লাহর রাসূল! আমি মুসলমান ছিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: আপনার ইসলাম গ্রহণ সম্বন্ধে আল্লাহই ভাল জানেন। আপনি যদি তেমনই হয়ে থাকেন, যেমন আপনি বলেছেন, তাহলে আল্লাহ তা'আলা আপনাকে বদলা দিবেন। কিন্তু আপনার প্রকাশ্য অবস্থান ছিল আমাদের বিরুদ্ধে। তাই আপনার নিজের পক্ষ থেকে এবং দুই ভাতিজার পক্ষ থেকে মুক্তিপণ আদায় করুন।

এখানে হযরত আব্বাস রাযি. যদিও বাধ্য হয়ে কুরাইশদের সাথে যুদ্ধে বের হয়েছিলেন, তথাপি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর প্রকাশ্য অবস্থার ভিত্তিতে তাঁর উপর হুকুম আরোপ করে, তাকে মুশরিকদের অন্তর্ভুক্ত ধরেছেন। তাহলে যারা সেচ্ছায় কাফিরদের পৃষ্ঠপোষকতা করে, সহযোগিতা করে তাদের কী হবে?!

ইমাম বুখারী রহ. সহীহ বুখারীতে, আবূল আসওয়াদ মুহাম্মদ ইবনে আব্দুর রহমান থেকে যা বর্ণনা করেন, তাও একই বিষয়ের প্রমাণ বহন করে। আবূল আসওয়াদ বলেন:

قَالَ قُطِعَ عَلَى أَهْلِ الْمَدِينَةِ بَعْثٌ فَاكْتُتِبْتُ فِيهِ فَلَقِيتُ عِكْرِمَةَ مَوْلَى ابْنِ عَبَّاسٍ فَأَخْبَرْتُهُ فَنَهَانِي عَنْ ذَلِكَ أَشَدَّ النَّهْيِ ثُمَّ قَالَ أَخْبَرَنِي ابْنُ عَبَّاسٍ أَنَّ نَاسًا مِنْ الْمُسْلِمِينَ كَانُوا مَعَ الْمُشْرِكِينَ يُكَثِّرُونَ سَوَادَ الْمُشْرِكِينَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِي السَّهْمُ فَيُرْمَى بِهِ فَيُصِيبُ أَحَدَهُمْ فَيَقْتُلُهُ أَوْ يُضْرَبُ فَيُقْتَلُ فَأَنْزَلَ اللهُ { إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمْ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ } الْآيَةَ

অনুবাদ: “মদিনাবাসীদের নিকট দিয়ে একটি কাফেলা অতিক্রম করে। তখন আমি তাদের সাথে যুক্ত হয়ে যাই। তারপর হযরত ইবনে আব্বাস রাযি.এর আযাদকৃত গোলাম ইকরিমার সাথে আমার সাক্ষাৎ হল, আমি তাকে বিষয়টি জানালাম। তখন তিনি আমাকে কঠিনভাবে এ থেকে নিষেধ করলেন এবং বললেন, হযরত ইবনে আব্বাস রাযি. আমাকে বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যামানায় কিছু মুসলমান মুশরিকদের মাঝে অবস্থান করে তাদের দল ভারি করছিল। অনেক সময় মুসলিমদের নিক্ষেপিত তীর এসে তাদের কারো গায়ে বিদ্ধ হত, ফলে সে নিহত হত। আবার কারো উপর মুসলিমদের তরবারীর আঘাত পড়ার কারণে নিহত হত। তাদের ব্যাপারেই আল্লাহ তা’আলা নাযিল করলেন: (إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنفُسِهِمْ)।”(বুখারী শরীফ)

দেখুন, এখানে প্রকাশ্যভাবে তাদেরকে মুশরিকদেরই অন্তর্ভুক্ত ধরা হয়েছে। তার কারণ, এটা ছাড়া অন্য কিছু নয় যে, যে ব্যক্তি এ কাজটি করে, সে কাফির হওয়াই আসল হুকুম।

তৃতীয় দলিল:

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ أَمَّا بَعْدُ قَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- « مَنْ جَامَعَ الْمُشْرِكَ وَسَكَنَ مَعَهُ فَإِنَّهُ مِثْلُهُ ».

অনুবাদ: হযরত সামুরা ইবনে জুনদুব রাযি. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি মুশরিকের সাথে সম্পর্ক রাখে এবং তার সাথে বসবাস করে, সে তারই মত হবে।”(সুনানে আবূ দাঊদ)

এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যে ব্যক্তি মুশরিকদের সাথে একত্রিত হয় ও অংশগ্রহণ করে, তাকেও তাদের মতই গণ্য করলেন, যদিও সে তাদের মত গ্রহণ না করে। সুতরাং যে মুসলিমদের বিপক্ষে গিয়ে মুশরিকদের সমর্থন করে এবং তাদেরকে সাহায্য-সহযোগিতা করে, সে তো শুধু তাদের সাথে থাকা ও মেলামেশা করা থেকেও জঘন্য কাজে লিপ্ত হয়েছে।

ইমাম মুনাবি রহ. (ফায়যুল কাদির: ৬/১১১ এ) مثله(তার মতই হবে) কথাটির কারণ বর্ণনা করতে গিয়ে বলেন: “কারণ আল্লাহর শত্রুদের প্রতি ঝোঁকা এবং তাদের সাথে বন্ধুত্ব করার আবশ্যকীয় ফলাফল হল, আল্লাহ তা‘আলা থেকে বিমুখ হওয়া। যে আল্লাহ থেকে বিমুখ হয়ে যায়, তার অভিভাবক হয় শয়তান এবং সে তাকে কুফরের দিকে নিয়ে যায়। আল্লামা যামাখশারী রহ. বলেন: এটি একটি যুক্তিগ্রাহ্য বিষয়। কারণ কোন বন্ধুর সাথে বন্ধুত্ব করা, আবার তার শত্রুর সাথেও বন্ধুত্ব করা পরস্পর বিরোধী।”

ইমাম শাওকানী রহ. (আন-নাইল: ৮/১৭৭ এ) বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী- "فهو مثله" এর মধ্যে এই দলিলও রয়েছে যে, কাফিরদের সাথে বসবাস করা হারাম এবং তাদের থেকে পৃথক হওয়া ওয়াজিব। হাদিসের মধ্যে যদিও পূর্বোল্লেখিত বিতর্ক রয়েছে, কিন্তু এর শুদ্ধতার পক্ষে সাক্ষ্য দেয় আল্লাহ তা’আলার এই বাণী- (فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ) “তখন তোমরা তাদের সাথে বসবে না, যতক্ষণ না তারা প্রসঙ্গান্তরে চলে যায়। তা না হলে তোমরাও তাদেরই মত হয়ে যাবে।”

এর মতই আরেকটি দলীল-

চতুর্থ দলিল:

ইমাম আবূ দাউদ, তিরমিযী ও অন্যান্য ইমামগণ জারির ইবনে আব্দুল্লাহ থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

« أَنَا بَرِیءٌ مِنْ كُلِّ مُسْلِمٍ يُقِيمُ بَيْنَ أَظْهُرِ الْمُشْرِكِينَ ».

অনুবাদ: “আমি ঐ সকল মুসলমানের কোন দায়িত্ব রাখি না, যারা মুশরিকদের দ্বারা পরিবেষ্টিত হয়ে বসবাস করে।” এর ব্যাপারেও পূর্বের মত আলোচনাই প্রযোজ্য।

পঞ্চম দলিল:

ইমাম নাসায়ী ও অন্যান্য ইমামগণ বাহয ইবনে হাকিম ইবনে মুআবিয়া ইবনে হায়দা থেকে বর্ণনা করেন, তিনি তার পিতা থেকে এবং তার পিতা তার দাদা থেকে মারফু সূত্রে বর্ণনা করেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

(لَا يَقْبَلُ اللَّهُ عَزَّ وَجَلَّ مِنْ مُشْرِكٍ يُشْرِكُ بَعْدَ مَا أَسْلَمَ عَمَلًا أَوْ يُفَارِقُ الْمُشْرِكِينَ)

অনুবাদ: “কোন মুসলিম ইসলাম গ্রহণ করার পর আল্লাহ তা’আলা ততক্ষণ পর্যন্ত তার আমল কবুল করেন না, যতক্ষণ পর্যন্ত সে মুশরিকদের থেকে পৃথক না হয়।”

এটা পূর্বের হাদিসের মতই। কারণ যে কাফিরদের সাথে বন্ধুত্ব করে এবং মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে তাদেরকে সাহায্য-সহযোগিতা করে, সে এই হাদিসের অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে ঐ ব্যক্তি থেকে অধিক উপযুক্ত, যে দৈহিকভাবে তাদের থেকে পৃথক হয়নি।"

এর মতই আরেকটি দলিল-

ষষ্ঠ দলিল:

ইমাম নাসায়ী ও অন্যান্য ইমামগণ হযরত জারির রাযি. থেকে বর্ণনা করেন, হযরত জারির রাযি. বলেন:

قَالَ بَايَعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى إِقَامِ الصَّلَاةِ وَإِيتَاءِ الزَّكَاةِ وَالنُّصْحِ لِكُلِّ مُسْلِمٍ وَعَلَى فِرَاقِ الْمُشْرِكِ.

অনুবাদ: "আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাতে বায়আত গ্রহণ করলাম- নামায কায়েম করা, যাকাত আদায় করা, মুসলমানদের কল্যাণ কামনা করা এবং মুশরিকদের থেকে পৃথক হওয়ার উপর।"(সুনানে নাসায়ী)

এই হাদীসের ব্যাপারেও পূর্বেরটার মতই আলোচনা।

চতুর্থ পরিচ্ছেদ

সাহাবীগণের বক্তব্যসমূহ থেকে দলিল

সাহাবায়ে কেরামদের থেকেও এই মূলনীতির পক্ষে বিভিন্ন বক্তব্য এসেছে। তার মধ্যে কয়েকটি নিচে প্রদান করা হল:

১। পূর্বে সুন্নাহর প্রথম দলিলে যার আলোচনা অতিবাহিত হয়েছে, তথা হযরত উমর রাযি. ও হযরত হাতিব রাযি. এর নিকট এই মূলনীতিটি স্বীকৃত ও সুনির্ধারিত ছিল।

২। আব্দু ইবনে হুমাইদ হুযায়ফা রাযি. থেকে বর্ণনা করেন, তিনি বলেন: তোমাদের প্রত্যেকের উচিত অজ্ঞাতসারে ইহুদী বা নাসারা হয়ে যাওয়া থেকে বেঁচে থাকা। এতে আমরা বুঝে নিলাম যে, তিনি এই আয়াতের কথা বলছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿المائدة: ٥١﴾

অনুবাদ: **"হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। আল্লাহ জালেমদেরকে পথ প্রদর্শন করেন না।"** (সূরা মায়িদাহ:৫১)

৩। হযরত খালিদ ইবনে ওয়ালিদ রাযি. ও মাজাআ ইবনে মুরারাহ এর মধ্যকার ঘটনা, যা সীরাতের কিতাবসমূহে রিদ্দাহর যুদ্ধের ক্ষেত্রে বর্ণিত হয়েছে। হযরত খালিদ রাযি. এর সৈনিকগণ বনু হানিফার কিছু লোককে গ্রেফতার করল। তাদের মাঝে মাজাআও ছিল। মাজাআ খালিদ রাযি.এর উদ্দেশ্যে বললেন: আল্লাহর শপথ! আমি তার (অর্থাৎ মুসাইলামার)

অনুসরণ করিনি, আমি মুসলিম। হযরত খালিদ রাযি. বললেন: তাহলে তুমি আমাদের কাছে চলে গেলে না কেন? ছুমামা ইবনে আছাল যে রকম বলেছিল, সে রকম বললে না কেন?

এখানে দেখা যাচ্ছে, সে মুরতাদদের মাঝে বসবাস করার কারণে হযরত খালিদ রাযি. এর মাধ্যমে তার মুরতাদদের সহমতাবলম্বী হওয়ার ব্যাপারে দলিল দিলেন এবং তার সাথে এর ভিত্তিতেই মু'আমালা করলেন। এ বিষয়টি পূর্বে কুরআনের ত্রয়োদশ দলিলে উল্লেখিত ঘটনার সমর্থক। অর্থাৎ বদরের যুদ্ধে কিছু মুসলমানের মুশরিকদের সাথে বের হয়ে তাদের দল ভারি করার ঘটনা।

৪। রিদ্দাহর যুদ্ধসমূহে মুসাইলামা, সাজাহ, তুলায়হা ও যাকাত অস্বীকারকারীদের বিরুদ্ধে সাহাবায়ে কেরামের অবস্থান ও কার্যাবলী, যেখানে তারা কোন ভেদাভেদ না করে তাদের সকলের বিরুদ্ধেই যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন। অথচ তাতে এই সম্ভাবনাও ছিল যে, হয়ত তাদের কেউ কেউ আকিদাগতভাবে তাদের বিরোধী, কিন্তু সাম্প্রদায়িক চেতনায় তাদের সাথে অংশগ্রহণ করেছেন। এতদ্বসত্ত্বেও তাদের সকলের সাথে তাদের আচরণ এক রকমই ছিল। যা প্রমাণ করে যে, এই মূলনীতিটি তাদের নিকট সুনির্দিষ্ট ও স্বীকৃত ছিল এবং আরো স্বীকৃত ছিল যে, যে ব্যক্তি কাফিরদেরকে সাহায্য-সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা করবে, সে তাদের মতই।

পঞ্চম পরিচ্ছেদ

কিয়াস থেকে দলিল

এটা দুই পদ্ধতিতে:

প্রথম পদ্ধতি: সহীহাইনের সুপ্রমাণিত হাদিস, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: **যে মুজাহিদের আসবাব-পত্রের ব্যবস্থা করে দিল, সে যেন নিজেই জিহাদ করল।**

এখানে উপবিষ্ট ব্যক্তিকেও জিহাদে অংশগ্রহণকারীর মত ধরা হল, যখন সে মুজাহিদের আসবাব-পত্রের ব্যবস্থা করে দেয়। এর মতই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আরেকটি বাণী- নিশ্চয়ই আল্লাহ তা'আলা একটি তীরের মাধ্যমে তিনজন লোককে জান্নাতে প্রবেশ করান: ১. তার নির্মাতাকে, যে নির্মানের ক্ষেত্রে সওয়াবের নিয়ত করেছে। ২. তার নিক্ষেপকারীকে এবং ৩. তা প্রদানকারীকে।

উল্টোভাবে কিয়াস করলে এটাই প্রমাণ করে যে, যে ব্যক্তি যুদ্ধে কাফিরের সামান-পত্রের ব্যবস্থা করে দেয় এবং তার সাহায্য করে, সে তাগুতের পথে যুদ্ধে তার সাথে অংশগ্রহণ করল।

দ্বিতীয় পদ্ধতি: বিশুদ্ধমতে শরীয়তে সহযোগিতা আর প্রত্যক্ষ অংশগ্রহণের হুকুম একই। কারণ, প্রত্যক্ষ জড়িত ব্যক্তি তার কাজ করতে সমর্থ হয়েছে সহযোগীর সমর্থনমূলক সহযোগিতার কারণেই। যেমন শাইখুল ইসলাম রহ. বলেন:

যখন ডাকাতরা একটি জামাতবদ্ধ হয়, অত:পর তাদের থেকে একজন সরাসরি হত্যা করে আর অবশিষ্টরা তার সহযোগী ও পাহারাদার হিসাবে থাকে, তখন তাদের ব্যাপারে কারো

কারো মত হল, শুধু সরাসরি হত্যকারীকেই হত্যা করা হবে। কিন্তু জুমহুরের মত হল, তাদের সকলকেই হত্যা করা হবে, যদিও তারা একশ' হোক না কেন। সরাসরি অংশগ্রহণকারী আর সাহায্যকারী সমান বলে গণ্য হবে।

এটা খুলাফায়ে রাশেদীন থেকেও বর্ণিত। কারণ, হযরত উমর রাযি. ডাকাতদের পাহারাদারকেও হত্যা করেছেন। তথা যে ব্যক্তি উঁচুস্থানে বসে পর্যবেক্ষণ করতে থাকে এবং দেখে, কেউ আসে কি না। এছাড়া সরাসরি হত্যাকারী ব্যক্তি সহযোগী ও পাহারাদারের কারণেই হত্যা করতে পেরেছে। আর যখন একটি দলের এক সদস্য আরেক সদস্যকে সাহায্য করে, ফলে তারা একটি যোদ্ধা বাহিনীতে পরিণত হয়, তখন তারা সকলেই পুরস্কার বা শাস্তির ক্ষেত্রে সমান হয়, যেমন মুজাহিদগণ। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মুসলমানদের সকলের রক্তের মূল্য সমান। তাদের সর্বনিম্ন ব্যক্তিও তাদের সকলের পক্ষ থেকে যিম্মা নিতে পারে। তারা অন্যদের বিরুদ্ধে সকলে এক হাতের মত। তাদের মধ্যে অভিযানে অংশগ্রহণকারী ব্যক্তি তাদের উপবিষ্টদেরকে গনিমতের ভাগ দিবে।"

অর্থাৎ যখন মুসলিম সেনাবাহিনীর একটি দল অভিযানে বের হয়, অত:পর তারা গনিমত লাভ করে, তাহলে পুরো সেনাবাহিনী উক্ত গনিমতে অংশগ্রহণ করবে। কারণ উক্ত দল ওই সেনাবাহিনীর শক্তি ও সাহায্যের কারণে গনিমত লাভ করতে সক্ষম হয়েছে। তবে যুদ্ধে সরাসরি অংশ গ্রহণকারীকে অতিরিক্ত একটি অংশ দেওয়া হবে। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম ইসলামের শুরু যুগে প্রেরিত দলের সদস্যদেরকে একপঞ্চমাংশ রাখার পর অবশিষ্ট একচতুর্থাংশ অতিরিক্ত হিসাবে দিতেন।

এমনিভাবে যদি সেনাবাহিনী কোন গনিমত লাভ করে, তাহলে উক্ত দলও তা পাবে। কারণ, এ দলটিও সেনাবাহিনীর সুবিধার জন্যই প্রেরিত হয়েছে।

এমনিভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বদরের যুদ্ধের দিন হযরত তালহা ও হযরত যুবাইরকেও গনিমতের অংশ দিয়েছিলেন। কারণ, তিনি তাদেরকে সেনাবাহিনীর কল্যাণের কাজেই প্রেরণ করেছেন। তাই একটি স্বশস্ত্র দলের সহকারী ও সহযোগীরা ধমকি বা পুরস্কারের ক্ষেত্রে উক্ত দলের সদস্যদের মতই। এমনিভাবে অন্যায়ের ভিত্তিতে পরস্পর লড়াইকারীরাও, যাদের কোন তাবিল (ব্যাখ্যা) নেই।

যেমন, আসাবিয়্যাত (সাম্প্রদায়িতকতার) এর উপর লড়াইকারীরা বা জাহিলী আহ্বানে সাড়াদানকারীরা। যেমন কায়স, ইয়ামান ও অন্যান্য গোত্রসমূহ। তারা উভয় গ্রুপই জালিম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: যখন মুসলিমগণ তাদের তরবারী দিয়ে পরস্পর যুদ্ধে লিপ্ত হবে, তখন হত্যাকারী ও নিহত উভয়ই জাহান্নামে যাবে। বলা হল: হে আল্লাহর রাসূল! হত্যাকারীর ব্যাপারটা তো বুঝলাম, কিন্তু নিহত ব্যক্তির কি সমস্যা? তিনি বললেন. কারণ সেও তার সাথীকে হত্যা করতে চেয়েছিল। হাদিসটি বর্ণনা করেছেন ইমাম বুখারী ও মুসলিম রহ.।

হারাম করে দেন। এবং তার বাসস্থান হয় জাহান্নাম। অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই।"(সূরা মায়িদাহ:৭২)

এছাড়া আরো আয়াত উল্লেখ করার পর তিনি বলেন:

এর চেয়ে উপরে কি আর কোন কঠোরতা, ধমকি ও সতর্কবাণী হতে পারে? যার প্রকৃতি ঠিক আছে, চোখ ও কান ঠিক আছে, সে কি এরপরেও কোন সন্দেহ করবে? তবে হ্যাঁ, সন্দেহ করতে পারে সে বক্তিই, যে দুনিয়ার দিকে ঝোঁকে গেছে, দুনিয়া ঠিক করতে গিয়ে আখেরাতকে ভুলে গেছে। তার অবস্থা তো বিবেচ্য নয়। কেননা সে অন্তরের অন্ধ, তার দৃষ্টিশক্তি ছিনিয়ে নেওয়া হয়েছে।

একটু সামনে গিয়ে তিনি আরো বলেন: (৮/২২)

আর যে-ই তাদের কাছে নতি স্বীকার করবে, তাদের আনুগত্যে প্রবেশ করবে এবং তাদের সাথে বন্ধুত্ব প্রকাশ করবে, সে আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল, ইসলাম ধর্ম থেকে ফিরে গেল, তার সাথে শত্রুতা করা ও তার বিরুদ্ধে জিহাদ করা ফরজ হয়ে গেল। আর আপনারা শুধু আপনাদের রবের নিকটই সাহায্য প্রার্থনা করুন, কাফিরদের থেকে যেকোন ধরনের সাহায্য গ্রহণ বর্জন করুন।

২১. শাইখ আব্দুল্লাহ ইবনে আব্দুল লতীফ রহ., ইবরাহিম ইবনে আব্দুল লতীফ রহ. ও সুলাইমান ইবনে সাহমান রহ. (আদ-দুরার, খন্ড নং-১০, পৃষ্ঠা নং-৪৩৫-৪৩৬ এ) বলেন:

আর তার বক্তব্য- নিজেদের সম্পদ ও জাহাজ রক্ষা করার জন্য কাফির গোষ্ঠী বা তাদের প্রতিনিধিদের থেকে সুরক্ষা নেওয়া এবং তাদের থেকে পতাকা গ্রহণ করা জায়েয আছে এবং এটা সেই প্রহরীর স্থলাভিষিক্ত হবে, যে হল সফরসঙ্গী।

এর উত্তর হল: এটা একটা ভ্রান্ত যুক্তি। কারণ অবস্থার কারণে বাধ্য হলে সম্পদ হেফাজতের জন্য প্রহরী নিযুক্ত করা জায়েয আছে, যখন প্রহরী জালিম মুসলিম বা ফাসিক ফাজির হয়। পক্ষান্তরে কাফিরদের আনুগত্যে প্রবেশ করা মানে ইসলাম ধর্ম ত্যাগ করা। আর যখন তাদের নিরাপত্তা ও কর্তৃত্বের মধ্যে প্রবেশ নাও করে, তখনও তাদের থেকে পতাকা গ্রহণ করা জায়েয নেই। এটা সম্পদ রক্ষার জন্য প্রহরী নিযুক্ত করার ন্যায় নয়। কারণ এটা হল পতাকা, এ কথার আলামত যে, তারা তাদের আদেশের অনুগত, তাদের নিরাপত্তার অন্তর্ভুক্ত। আর এটা বাহ্যিকভাবে তাদের সাথে সহমত পোষণ করা বুঝায়।

২২. শাইখ মুহাম্মদ ইবনে আব্দুল লতীফ আলুশ-শাইখ রহ. (মৃত: ১৩৬৯) (আদ-দুরার খন্ড নং-৮, পৃষ্ঠা নং-৪৫৬ থেকে ৪৫৭ এ) বলেন:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:« مَنْ جَامَعَ الْمُشْرِكَ وَسَكَنَ مَعَهُ فَإِنَّهُ مِثْلُهُ »

যে মুশরিকদের সঙ্গে মেলামেশা করে এবং তাদের সাথে বসবাস করে, সে তাদের মতই। এখানে এটা বলা যাবে না যে, শুধু একসাথে মেলামেশা ও বসবাস করার কারণেই কাফির হয়ে যাবে। বরং উদ্দেশ্য হল: যে মুশরিকদের মাঝ থেকে বের হয়ে যেতে অক্ষম হয় এবং

তারা তাকেও জোর করে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে নিয়ে আসে, তখন হত্যার ক্ষেত্রে এবং সম্পদ গ্রহণের ক্ষেত্রে তার হুকুমও তাদের হুকুমের মতই। কুফরের ক্ষেত্রে নয়। তবে যদি ইচ্ছা ও স্বাধীনতার সাথে তাদের পক্ষে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করতে আসে বা নিজের শরীর বা সম্পদ দিয়ে তাদের সাহায্য করে, তাহলে এর মধ্যে কোন সন্দেহ নেই যে, তার হুকুমও তাদের হুকুমের মতই।

২৩. শাইখ সুলাইমান ইবনে সাহমান রহ. (মৃত:১৩৪৯) (আদ-দুরার, খন্ড নং-৮, পৃষ্ঠা নং-৪৯৪ এ) বলেন:

আর উল্লেখিত সম্পর্ককারীদের থেকে তো কাফিরদের সাথে বন্ধুত্ব করা, তাদেরকে অভিভাবকরূপে গ্রহণ করা, তাদের সাথে সহমত পোষণ করা এবং মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করা- সবগুলোই পাওয়া গেছে, তাই তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই।

২৪. তিনি তার দিওয়ানের ১৩১ নং পৃষ্ঠায় আরো বলেন:

যে কাফিরদের সাথে বন্ধুত্ব করে, সে তাদের মতই। বুদ্ধিমান কারো নিকটই তার কাফির হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই।

২৫. নজদী দাওয়াতের জনৈক ইমাম আরো বলেছেন:

তৃতীয় বিষয়, যা কারো মাঝে থাকলে তার বিরুদ্ধে জিহাদ করা ওয়াজিব হয়ে যায়, তা হল: মুশরিকদের পৃষ্ঠপোষকতা করা, মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করা, হাত দিয়ে, যবান দিয়ে, মন দিয়ে, সম্পদ দিয়ে বা অন্য যেকোন ভাবেই হোক। এটা কুফর, ধর্ম থেকে বহিস্কারকারী। তাই যে স্বেচ্ছায় মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদেরকে সাহায্য করবে বা মুশরিকদেরকে নিজের সম্পদ দিয়ে সাহায্য করবে, যে সম্পদ দিয়ে তারা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে সহযোগিতা লাভ করবে, সে কাফির হয়ে যাবে।

তৃতীয় পর্ব

এ ব্যাপারটি নিয়ে যত সংশয় ছড়িয়ে আছে, তার খন্ডন

জেনে রাখুন, এ বিষয়টি সুস্পষ্ট হওয়া সত্ত্বেও এবং এ বিষয়ে কুরআন-সুন্নাহর অসংখ্য দলিল, উলামায়ে কেরামের ইজমা, আহলে ইলমদের বক্তব্য ও অনেক বই-পুস্তক লিখিত থাকা সত্ত্বেও পথভ্রষ্টদের থেকে এমন একটি দলের আবির্ভাব ঘটেছে, যারা মানুষের দ্বীনের ব্যাপারে অস্পষ্টতা সৃষ্টি করছে। এমন এমন কিছু সংশয় উল্লেখ করছে, যেগুলোর মাধ্যমে তারা মুসলমানদের আকিদা-বিশ্বাস নষ্ট করতে চাচ্ছে।

এ ধরনের সংশয়গুলো থেকে কয়েকটি নিচে আলোচনা করা হচ্ছে:

প্রথম সংশয়: হযরত হাতিব ইবনে আবি বালতাআ রাযি. এর ঘটনা।

দ্বিতীয় সংশয়: হযরত আবূ জান্দাল ইবনে সাহল রাযি. এর ঘটনা।

তৃতীয় সংশয়: মুসলিম-খৃষ্টানের মাঝে সংঘটিত এই জোটটি হিলফুল ফুযুলের মত।

চতুর্থ সংশয়: এ ব্যাপারে ইকরাহ (বলপ্রয়োগ) পাওয়া যাওয়া।

পঞ্চম সংশয়: কাফিরদেরকে সাহায্য করা দু'প্রকার।

ষষ্ঠ সংশয়: তালেবান ও তাদের অনুসারীরা জালিম।

সপ্তম সংশয়: তালেবান একটি শিরকী রাষ্ট্র।

অষ্টম সংশয়: (إلا على قوم بينكم وبينهم ميثاق) আয়াতের মাধ্যমে দলিল পেশ করা।

তাদের এ কয়েকটি সংশয় জমা করার তাওফিকই আমার হয়েছে। এবার প্রতিটি সংশয় নিয়ে পর্যালোচনা করব ইনশা আল্লাহ। তাই আল্লাহর সাহায্য নিয়ে বলছি-

প্রথম সংশয় - হযরত হাতিব ইবনে আবি বালতাআ রাযি.এর ঘটনা।

ভ্রান্তপথের অনুসারীরা কাফিরদেরকে সাহায্য করা, কুফরী না হওয়ার ব্যাপারে দলিল দেয় হযরত হাতিব ইবনে আবি বালতাআ রাযি. কর্তৃক কুরাইশ কাফিরদের প্রতি পত্র প্রেরণ করা এবং তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সংবাদ জানিয় দেওয়ার ঘটনার মাধ্যমে।

ঘটনাটি সহীহাইনে ও অন্যান্য কিতাবে হযরত আলী রাযি. থেকে মক্কা-বিজয় অভিযানের প্রেক্ষাপটে বর্ণিত হয়েছে। হযরত আলী রাযি. বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে, যুবাইর ও মিকদাদকে একটি অভিযানে প্রেরণ করলেন। আমাদেরকে বললেন, তোমরা রাওজায়ে খাখ নামক স্থানে গিয়ে একজন অশ্বারোহিনী নারীকে পাবে। তার সাথে একটি পত্র আছে, সেটা তার থেকে নিয়ে আসবে।

আমরা রওয়ানা দিলাম। ঘোড়া আমাদেরকে নিয়ে উর্ধ্বশ্বাসে ছুটলো। অত:পর রওযায়ে খাখে পৌঁছে সেই অশ্বারোহিনীকে পেয়ে গেলাম। বললাম: চিঠি বের কর। বলল: আমার সাথে কোন চিঠি নেই। বললাম: হয়ত চিঠি বের করবে, নয়ত কাপড় খুলবে।

হযরত আলী রাযি. বলেন: তখন সে তার চুলের খোপা থেকে পত্র বের করে দিল। আমরা পত্র নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট চলে আসলাম। পত্রের মধ্যে দেখতে পেলাম: হাতিব ইবনে আবি বালতাআ থেকে মক্কার কতিপয় লোকের প্রতি। তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিছু বিষয়ের সংবাদ জানানো হয়েছে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: হাতিব! এটা কী?

হযরত হাতিব রাযি. বললেন: আমার ব্যাপারে তাড়াহুড়া না করার আবেদন করছি। আমি কুরাইশদের সাথে সম্পর্কিত একজন লোক, কিন্তু তাদের বংশীয় নই। আপনার সাথে যত

মুহাজির আছে, সকলেরই বিভিন্ন আত্মীয়রা আছে, যারা মক্কায় তাদের পরিবারবর্গকে রক্ষা করবে। তাই আমি চাইলাম, যেহেতু বংশীয় দিক থেকে ওটা আমার নেই, তাই তাদের সাথে একটা সম্পর্ক তৈরী করতে, যাতে তারা আমার পরিবারবর্গকে রক্ষা করে। আমি এটা কুফরী করার জন্য বা দ্বীন থেকে ফিরে যাওয়ার জন্য বা ইসলামের পর কুফরের প্রতি সন্তুষ্ট হওয়ার কারণে করিনি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে তোমাদেরকে সত্যই বলেছে।

হযরত উমর রাযি. বললেন: আমাকে সুযোগ দিন, এই মুনাফিকের গর্দান উড়িয়ে দেই। কোন কোন বর্ণনায় এসেছে: কারণ সে কাফির হয়ে গেছে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে বদরে অংশগ্রহণ করেছে। তুমি কি জান, হতে পারে আল্লাহ বদরীদের ব্যাপারে জেনেই বলেছেন: তোমরা যা ইচ্ছা করতে পার, আমি তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি।

ভ্রান্ত পথের অনুসারীরা বলে: এখানে তো হাতিব মক্কার কাফিরদেরকে সাহায্য করল, এতদ্বসত্ত্বেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তাকফীর করলেন না। এটাই প্রমাণ করে, কাফিরদের পৃষ্ঠপোষকতা ও সাহায্য করা কুফর নয়!!!

এই সংশয়ের উত্তর:

যত বাতিলপন্থি তাদের ভ্রান্ত মতবাদের উপর কিতাব-সুন্নাহ থেকে দলিল দিয়ে থাকে, তাদের সেই দলিলের ভিতরেই তাদের ভ্রান্তি ও ভ্রষ্টতা পরিস্কার করে দেওয়ার মত বিষয় থাকে। যেমনটা শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. উল্লেখ করেছেন। স্বয়ং তাদের এই দলিলটি থেকেই আমি তাদের উদ্দেশ্যের বিপরীত প্রমাণ উল্লেখ করব, ইনশা আল্লাহ। বিষয়টি কয়েকভাবে পরিস্কার হবে:

এক. এটি তো, কাফিরদেরকে সাহায্যকারী কাফির হওয়া এবং ইসলাম থেকে বের হয়ে যাওয়ার ব্যাপারে সবচেয়ে স্পষ্ট দলিলগুলোর মধ্য থেকে একটি। এই হাদিসের তিনটি বিষয়ের প্রতি লক্ষ্য করলে বিষয়টি ক্লিয়ার/পরিস্কার হবে:

প্রথম বিষয়: হাদিসে উল্লেখ আছে; হযরত উমর রাযি. বলেছেন: আমাকে সুযোগ দিন, এই মুনাফিকের গর্দান উড়িয়ে দেই। কোন কোন বর্ণনায় এসেছে: কারণ সে কাফির হয়ে গেছে। কোন কোন বর্ণনায় এসেছে: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বললেন: সে তো বদরে অংশগ্রহণ করেছে, তখন উমর রাযি. বললেন: ঠিক আছে, কিন্তু সে তো অঙ্গীকার ভঙ্গ করেছে, আপনার বিরুদ্ধে আপনার শত্রুদেরকে সাহায্য করেছে।

এটাই প্রমাণ করে যে, হযরত উমর রাযি. এবং অন্যান্য সাহাবায়ে কেরামের কাছে এটা স্থির জানা ছিল যে, কাফিরদের পৃষ্ঠপোষকতা ও সাহায্য করা কুফর ও ধর্মত্যাগ এবং তিনি এ কথাটি তখনই বলেছেন, যখন এমন কাজ দেখলেন, যেটা বাহ্যত কুফর।

দ্বিতীয় বিষয়: হযরত উমর রাযি. এর বুঝকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সমর্থন করা। তিনি যে তাকে কাফির সাব্যস্ত করলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কোন প্রতিবাদ করলেন না। শুধু হযরত হাতিব রাযি. এর ওযর উল্লেখ করলেন।

তৃতীয় বিষয়: হযরত হাতিব রাযি. বলেছেন: আমি এটা কুফরি হিসাবে বা দ্বীন থেকে বের হয়ে যাওয়ার জন্য বা ইসলামের পর কুফরের প্রতি সন্তুষ্ট হওয়ার কারণে করিনি।

এটাই প্রমাণ করে যে, তার নিকটও এটা স্থিরকৃত বিষয় ছিল যে, কাফিরদেরকে সাহায্য করা মানে কাফির হওয়া, ইসলাম থেকে বের হয়ে যাওয়া এবং ইসলামের পর কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে যাওয়া। তিনি শুধু তার কাজের প্রকৃত অবস্থাটি তুলে ধরেছেন।

দুই. হযরত হাতিব রাযি. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সকল যুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সাহায্য ও সহযোগিতা করেছেন, নিজের প্রাণ দিয়ে, যবান দিয়ে এবং পরামর্শ দিয়ে। তিনি তাঁর সাথে বদর ও হুদায়বিয়ায় অংশ গ্রহণ করেছেন। আর এগুলোতে অংশগ্রহণকারীগণ নিশ্চিতভাবে জান্নাতি। তিনি এই যুদ্ধেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সাহায্য করেছেন। কারণ তিনি নিজের জান-মাল নিয়ে মুসলমানদের সাথে মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধে বের হয়েছেন। আর তাঁর থেকে মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করার বিষয়টিও পুরোপুরি পাওয়া যায়নি। এছাড়াও তার পূর্বের অনেক অবদান আছে।

এতকিছু সত্ত্বেও যখন তিনি মুশরিকদের উদ্দেশ্যে চিঠি লিখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুদ্ধযাত্রা সম্পর্কে সংবাদ দিলেন, অথচ এটা পৃষ্ঠপোষকতা বা সাহায্য ছিল না। কারণ তিনি তো কয়েকদিনের মধ্যেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে স্বশরীরে যুদ্ধে যাচ্ছেন এবং তিনি মুসলমানদের বিজয়ের ব্যাপারেও নিশ্চিত, তথাপি হযরত উমর রাযি. তাকে মুনাফিকির অভিযোগ করেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও তাকে এ ব্যাপারে জিজ্ঞেস করেন। তিনি নিজের উপর থেকে কুফর ও ধর্মত্যাগের অভিযোগকে অস্বীকার করেন। অত:পর তাঁর ব্যাপারে কুরআনের আয়াত নাযিল হয়, যা কিয়ামত অবধি তেলাওয়াত করা হবে। তা হল, আল্লাহর বাণী-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تُلْقُونَ إِلَيْهِم بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُم مِّنَ الْحَقِّ يُخْرِجُونَ الرَّسُولَ وَإِيَّاكُمْ أَن تُؤْمِنُوا بِاللَّهِ رَبِّكُمْ إِن كُنتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِي سَبِيلِي وَابْتِغَاءَ مَرْضَاتِي تُسِرُّونَ إِلَيْهِم بِالْمَوَدَّةِ وَأَنَا أَعْلَمُ بِمَا أَخْفَيْتُمْ وَمَا أَعْلَنتُمْ وَمَن يَفْعَلْهُ مِنكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ﴿الممتحنة: ١﴾

অনুবাদ: **“মু’মিনগণ, তোমরা আমার ও তোমাদের শত্রুদেরকে বন্ধরূপে গ্রহণ করো না। তোমরা তো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা পাঠাও, অথচ তারা যে সত্য তোমাদের কাছে আগমন করেছে, তা অস্বীকার করছে। তারা রসূলকে ও তোমাদেরকে বহিস্কার করে এই অপরাধে যে, তোমরা তোমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস রাখ। যদি তোমরা আমার সন্তুষ্টিলাভের জন্যে এবং আমার পথে জেহাদ করার জন্যে বের হয়ে থাক, তবে কেন তাদের**

প্রতি গোপনে বন্ধুত্বের পয়গাম প্রেরণ করছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর, ত আমি খুব জানি। তোমাদের মধ্যে যে এটা করে, সে সরলপথ থেকে বিচ্যুত হয়ে যায়।"

(সূরা মুমতাহিনাহ:১)

এটা সবচেয়ে বড় দলিল যে, যারা জান, মাল, যবান, বুদ্ধি এ জাতীয় কোন কিছুর মাধ্যমে কাফিরদেরকে সাহায্য করবে, তারা দ্বীনে ইসলাম থেকে বের হয়ে যাবে। আল্লাহর পানাহ।

তিন. মক্কার কাফিরদের প্রতি হযরত হাতিব রাযি. এর চিঠিটি মুসলমানদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করার অন্তর্ভুক্ত ছিল না। কারণ কতিপয় 'মাগাজি' লেখক বর্ণনা করেছেন, যেমন ফাতহুল বারীতে (খন্ড নং-৭, পৃষ্ঠা নং-৫২০ এ) এসেছে: সেই পত্রের বক্তব্য ছিল এরূপ:

"হামদ ও সালাতের পর, হে কুরাইশ সম্প্রদায়! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দিগন্ত অন্ধকার করে বন্যার ঢলের ন্যায় ধেয়ে আসা এক বাহিনী নিয়ে তোমাদের দিকে আসছে। আল্লাহর শপথ! তিনি যদি একাও তোমাদের দিকে আসেন, তথাপি আল্লাহ তাকে বিজয় দান করবেন এবং নিজ ওয়াদা পূরণ করবেন। তাই তোমরা নিজেদের বিষয়ে ভেবে দেখ। ওয়াস-সালাম।"

এই পত্রে কাফিরদেরকে সাহায্য করার মত কিছু বুঝা যাচ্ছে না। বরং শুধু এতটুকু যে, তিনি কাফিরদের উদ্দেশ্যে পত্র প্রেরণ করার মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের

কথা অমান্য করেছেন। আর এটি একটি কবিরাহ গুনাহ, যা তার পূর্ববর্তী আমলসমূহের মাধ্যমে মিটে গেছে।

চার. ধরুন, হযরত হাতিব রাযি. এর কাজটির ব্যাপারে ইখতিলাফ রয়েছে যে, এটা কুফর কি না? যদি বলা হয়: এটা কুফর, তাহলে এটা একথার দলিল হবে যে, এত সামান্য বিষয়ের মাধ্যমে কাফিরদেরকে উপকৃত করাও কুফর। তাহলে এটা আরো সতর্ক করবে যে: এর উপরে যেগুলো আছে, যেমন জান-মাল বা অন্য কিছু দিয়ে কাফিরদেরকে সাহায্য করা, সেটা তো অবশ্যই কুফর।

আর যদি বলা হয়: এটা কুফর নয়, তাহলে এর কারণ হল: তিনি তো আসলে মুসলিমদের বিরুদ্ধে কাফিরদের পৃষ্ঠপোষকতা বা সাহায্যকারী নন। এতদ্বসত্ত্বেও এটা কুফরের বার্তা ও তার পথ। যদিও এখানে কাফিরদেরকে সাহায্য করার রূপ পাওয়া যায়নি। সুতরাং এমতাবস্থায়ও এর দ্বারা আমাদের আলোচ্য মাসআলার বিপক্ষে দলিল পেশ করা যায় না। এই মূলনীতির উপর আপত্তি তোলা যায় না।

পাঁচ. হযরত হাতিব রাযি. এটা করেছিলেন এই তাবিল বা ব্যাখ্যার ভিত্তিতে যে, তাঁর পত্র মুসলিমদের কোন ক্ষতি করবে না। আল্লাহ তা'আলা তাঁর দ্বীন ও নবীকে সাহায্য করবেনই, চাই মুশরিকরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রওয়ানা দেওয়া সম্পর্কে অবহিত হয়ে যাক না কেন। কোন কোন হাদিসের শব্দে এসেছে: হযরত হাতিব রাযি. ওযরখাহি করে

বলেছেন: আমি নিশ্চিতভাবেই বিশ্বাস করেছিলাম যে, আল্লাহ তাঁর রাসূলকে বিজয়ী করবেনই এবং তাঁর বিষয়কে পূর্ণতা দিবেনই।

ইমাম বুখারী রহ. "মুরতাদ ও অবাধ্যদের থেকে তাওবা চাওয়া ও তাদের বিরুদ্ধে কিতাল করা" অধ্যায়ের "তাবিলকারীদের ব্যাপারে যা বর্ণিত হয়েছে" পরিচ্ছেদে হযরত হাতিব রাযি. এর ঘটনাটি উল্লেখ করেন।

হাফেজ ইবনে হাজার রহ. ফাতহুল বারীতে (খন্ড নং-৮ পৃষ্ঠা নং-৬৩৪ এ) বলেন: হযরত হাতিব রাযি. এর ওযর এটাই ছিল, যা উল্লেখ করা হল। অর্থাৎ কাজটি এই তাবিল বা ব্যাখ্যার ভিত্তিতে করেছিলেন যে: এতে কোন ক্ষতি নেই।

তাই তিনি যেটা করেছেন, তথা যেটার ব্যাপারে নিশ্চিত ছিলেন যে, কাফিররা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরুদ্ধে যুদ্ধে এর দ্বারা উপকৃত হতে পারবেন না, এর মাঝে আর যারা কাফিরদেরকে এমন সাহায্য করে, যা ইসলাম ও মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে তাদেরকে উপকৃত করে, এর মাঝে বিরাট পার্থক্য আছে!!

ছয়. যারা এ হাদিস দিয়ে এ কথার উপর দলিল দেয় যে, কাফিরদেরকে সাহায্যকারী কাফির হবে না, তাদের জবাবে জিজ্ঞেস করা হবে:

এ হাদিসটি কি এ কথা প্রমাণ করে যে, কাফিরদেকে সাহায্য ও পৃষ্ঠপোষকতা করার কোন সূরত বা অবস্থাই কুফর ও রিদ্দাহ নয়?

যদি বলেন: হ্যাঁ, তাহলে তো তিনি উম্মাহর ইজমা ভঙ্গ করলেন। যা পূর্বে কেউ কখনো করেনি। তাহলে তার সাথে কোন কথা নেই।

আর যদি বলেন: না, তাহলে বলা হবে: তাহলে কোন্ কোন্ সুরতগুলোতে কাফিরদের সহযোগিতাকারীকে কাফির আখ্যায়িত করা হবে?

তখন তিনি যে সুরতই উল্লেখ করবেন, তাতেই হযরত হাতিব রাযি. এর এ হাদিসের মাধ্যমে আপত্তি তোলা হবে। তখন তিনি এ আপত্তির জবাবে যা বলবেন, আমাদেরও এখানে তার বিপক্ষে একই জবাব হবে।

দ্বিতীয় সংশয় - হযরত আবূ জান্দাল ইবনে সুহাইল রাযি.এর ঘটনা।

এ বিষয়ে আরেকটি সংশয় ছড়িয়ে আছে, তা হল: হুদায়বিয়ার সন্ধির ঘটনা। লম্বা ঘটনা। এখানে সহীহ বুখারীর বর্ণনার নির্বাচিত অংশ তুলে দেওয়া হচ্ছে:

{فَقَالَ سُهَيْلٌ وَعَلَى أَنَّهُ لَا يَأْتِيكَ مِنَّا رَجُلٌ وَإِنْ كَانَ عَلَى دِينِكَ إِلَّا رَدَدْتَهُ إِلَيْنَا قَالَ الْمُسْلِمُونَ سُبْحَانَ اللَّهِ كَيْفَ يُرَدُّ إِلَى الْمُشْرِكِينَ وَقَدْ جَاءَ مُسْلِمًا فَبَيْنَمَا هُمْ كَذَلِكَ إِذْ دَخَلَ أَبُو جَنْدَلِ بْنُ سُهَيْلِ بْنِ عَمْرٍو يَرْسُفُ فِي قُيُودِهِ وَقَدْ خَرَجَ مِنْ أَسْفَلِ مَكَّةَ حَتَّى رَمَى بِنَفْسِهِ بَيْنَ أَظْهُرِ الْمُسْلِمِينَ فَقَالَ سُهَيْلٌ هَذَا يَا مُحَمَّدُ أَوَّلُ مَا أُقَاضِيكَ عَلَيْهِ أَنْ تَرُدَّهُ إِلَيَّ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّا لَمْ نَقْضِ الْكِتَابَ بَعْدُ قَالَ فَوَاللَّهِ إِذًا لَمْ أُصَالِحْكَ عَلَى شَيْءٍ أَبَدًا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَجِزْهُ لِي قَالَ مَا أَنَا بِمُجِيزِهِ لَكَ قَالَ بَلَى فَافْعَلْ قَالَ مَا أَنَا بِفَاعِلٍ قَالَ مِكْرَزٌ بَلْ قَدْ أَجَزْنَاهُ لَكَ قَالَ أَبُو جَنْدَلٍ أَيْ مَعْشَرَ الْمُسْلِمِينَ أُرَدُّ إِلَى الْمُشْرِكِينَ وَقَدْ جِئْتُ مُسْلِمًا أَلَا تَرَوْنَ مَا قَدْ لَقِيتُ وَكَانَ قَدْ عُذِّبَ عَذَابًا شَدِيدًا فِي اللَّهِ...}

অনুবাদ: "অত:পর সুহাইল ইবনে আমর বলল (যিনি তখনও মুশরিক ছিলেন): এ-ও লিখা হোক যে, আমাদের কোন লোক যদি আপনার কাছে চলে আসে এবং সে যদিও আপনার আপনার ধর্ম গ্রহন করে থাকে, তবুও তাকে আমাদের কাছে ফিরিয়ে দিবেন। মুসলিমগণ বললেন: সুবহানাল্লাহ! যে ইসলাম গ্রহন করে আমাদের কাছে এসেছে, তাকে কেমন করে মুশরিকদের কাছে ফেরত দেওয়া যেতে পারে? এমন সময় আবূ জান্দাল ইবনে সুহাইল ইবনে আমর সেখানে এসে উপস্থিত হলেন। তিনি বেড়ী পরিহিত অবস্থায় ধীরে ধীরে চলছিলেন। তিনি মক্কার নিম্নাঞ্চল থেকে বের হয়ে এসে মুসলিমদের সামনে নিজেকে পেশ করলেন।

সুহাইল বলল: হে মুহাম্মদ! আপনার সাথে আমার চুক্তি হয়েছে, সে অনুযায়ী প্রথম কাজ হলো তাকে আমার কাছে ফিরিয়ে দিবেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: এখনো তো চুক্তি সম্পাদিত হয়নি। সুহাইল বলল: আল্লাহর শপথ! তাহলে আমি আপনার সাথে আর সন্ধি করব না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: কেবল এ লোকটিকে আমার কাছে থাকার অনুমতি দাও। সে বলল: না, এ অনুমতি আমি দেব না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: হ্যাঁ, তুমি এটা কর। সে বলল: না, আমি তা করব না। মিকরায বলল: আমরা তাকে আপনার কাছে থাকার অনুমতি দিলাম। আবূ জান্দাল বলেন: হে মুসলিম সমাজ! আমাকে মুশরিকদের কাছে ফিরিয়ে দেওয়া হবে, অথচ

আমি মুসলিম হয়ে এসেছি? আপনারা কি দেখছেন না, আমি কত কষ্ট পাচ্ছি? আল্লাহর রাস্তায় তাকে অনেক নির্যাতন করা হয়েছে।”

হাদিসের একাংশে রয়েছে:

{ثُمَّ رَجَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْمَدِينَةِ فَجَاءَهُ أَبُو بَصِيرٍ رَجُلٌ مِنْ قُرَيْشٍ وَهُوَ مُسْلِمٌ فَأَرْسَلُوا فِي طَلَبِهِ رَجُلَيْنِ فَقَالُوا الْعَهْدَ الَّذِي جَعَلْتَ لَنَا فَدَفَعَهُ إِلَى الرَّجُلَيْنِ فَخَرَجَا بِهِ حَتَّى بَلَغَا ذَا الْحُلَيْفَةِ فَنَزَلُوا يَأْكُلُونَ مِنْ تَمْرٍ لَهُمْ فَقَالَ أَبُو بَصِيرٍ لِأَحَدِ الرَّجُلَيْنِ وَاللَّهِ إِنِّي لَأَرَى سَيْفَكَ هَذَا يَا فُلَانُ جَيِّدًا فَاسْتَلَّهُ الْآخَرُ فَقَالَ أَجَلْ وَاللَّهِ إِنَّهُ لَجَيِّدٌ لَقَدْ جَرَّبْتُ بِهِ ثُمَّ جَرَّبْتُ فَقَالَ أَبُو بَصِيرٍ أَرِنِي أَنْظُرْ إِلَيْهِ فَأَمْكَنَهُ مِنْهُ فَضَرَبَهُ حَتَّى بَرَدَ وَفَرَّ الْآخَرُ حَتَّى أَتَى الْمَدِينَةَ فَدَخَلَ الْمَسْجِدَ يَعْدُو فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ رَآهُ لَقَدْ رَأَى هَذَا ذُعْرًا فَلَمَّا انْتَهَى إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قُتِلَ وَاللَّهِ صَاحِبِي وَإِنِّي لَمَقْتُولٌ فَجَاءَ أَبُو بَصِيرٍ فَقَالَ يَا نَبِيَّ اللَّهِ قَدْ وَاللَّهِ أَوْفَى اللَّهُ ذِمَّتَكَ قَدْ رَدَدْتَنِي إِلَيْهِمْ ثُمَّ أَنْجَانِي اللَّهُ مِنْهُمْ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَيْلُ أُمِّهِ مِسْعَرَ حَرْبٍ لَوْ كَانَ لَهُ أَحَدٌ فَلَمَّا سَمِعَ ذَلِكَ عَرَفَ أَنَّهُ سَيَرُدُّهُ إِلَيْهِمْ فَخَرَجَ حَتَّى أَتَى سِيفَ الْبَحْرِ قَالَ وَيَنْفَلِتُ مِنْهُمْ أَبُو جَنْدَلِ بْنُ سُهَيْلٍ فَلَحِقَ بِأَبِي بَصِيرٍ فَجَعَلَ لَا يَخْرُجُ مِنْ قُرَيْشٍ رَجُلٌ قَدْ أَسْلَمَ إِلَّا لَحِقَ بِأَبِي بَصِيرٍ حَتَّى اجْتَمَعَتْ مِنْهُمْ عِصَابَةٌ فَوَاللَّهِ مَا يَسْمَعُونَ بِعِيرٍ خَرَجَتْ لِقُرَيْشٍ إِلَى الشَّأْمِ إِلَّا اعْتَرَضُوا لَهَا فَقَتَلُوهُمْ وَأَخَذُوا أَمْوَالَهُمْ فَأَرْسَلَتْ قُرَيْشٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُنَاشِدُهُ بِاللَّهِ وَالرَّحِمِ لَمَّا أَرْسَلَ فَمَنْ أَتَاهُ فَهُوَ آمِنٌ فَأَرْسَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهِمْ...}

অনুবাদ: “অত:পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদিনায় ফিরে আসলেন। তখন আবূ বাসীর রাযি. নামক কুরাইশ গোত্রের এক ব্যক্তি ইসলাম গ্রহন করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এলেন। মক্কার কুরাইশরা তাঁর তালাশে দু’জন লোক পাঠাল। তারা (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে) বলল, আপনি আমাদের

সাথে যে চুক্তি করেছেন (তা পূরণ করুন।) তিনি তাঁকে ঐ দুই ব্যক্তির হাওয়ালা করে দিলেন। তারা তাঁকে নিয়ে বেরিয়ে গেল এবং যুল-হুলায়ফায় পৌঁছে অবতরণ করল আর তাদের সাথে যে খেজুর ছিল তা খেতে লাগল। আবূ বাসির রাযি. তাদের একজনকে বললেন, আল্লাহর কসম! হে অমুক, তোমার তরবারীটি খুবই চমৎকার দেখছি। সে লোকটি তরবারীটি বের করে বলল, হ্যাঁ, আল্লাহর কসম! এটি একটি উৎকৃষ্ট তরবারী। আমি একাধিক বার তা পরীক্ষা করেছি। আবূ বাসীর রাযি. বললেন, তরবারীটি আমি দেখতে চাই আমাকে তা দেখাও। তারপর লোকটি তাঁকে তরবারীটি দিল। আবূ বাসির রাযি. সেটি দ্বারা তাকে এমন আঘাত করলেন যে, তাতে সে মরে গেল। তার অপর সঙ্গী পালিয়ে মদীনায় এসে পৌঁছল এবং দৌড়িয়ে মসজিদে প্রবেশ করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে বললেন: এ লোকটি ভীতিজনক কিছু দেখে এসেছে। ইতিমধ্যে লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পৌঁছে বলল: আল্লাহর কসম! আমার সঙ্গীকে হত্যা করা হয়েছে, আমিও নিহত হতাম। এমন সময় আবূ বাসির রাযি.ও সেখানে এসে উপস্থিত হলেন এবং বললেন, ইয়া নবীয়াল্লাহ! আল্লাহর কসম! আল্লাহ আপনার দায়িত্ব সম্পূর্ণ করে দিয়েছেন। আমাকে তার কাছে ফেরত দিয়েছেন; এ ব্যাপারে আল্লাহ আমাকে তাদের কবল থেকে নাজাত দিয়েছেন। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বললেন: সর্বনাশ! এতো যুদ্ধের আগুন প্রজ্জ্বলিতকারী, যদি তাঁর সঙ্গে কেউ থাকত। আবূ বাসীর রাযি. যখন একথা শুনলেন,

তখন বুঝতে পারলেন যে, তাকে আবার তিনি কাফিরদের কাছে ফেরত পাঠাবেন। তাই তিনি বেরিয়ে নদীর তীরে এসে পড়লেন।

বর্ণনাকারী বলেন: এ দিকে আবূ জান্দাল ইবনে সুহাইল কাফিরদের কবল থেকে পালিয়ে এসে আবূ বাসির রাযি. এর সঙ্গে মিলিত হলেন। এরপর থেকে কুরাইশ গোত্রের যে-ই ইসলাম গ্রহন করত, সে-ই আবূ বাসির রাযি. এর সঙ্গে এসে মিলিত হতো। এভাবে তাদের একটি দল হয়ে গেল। আল্লাহর কসম! তারা যখনই শুনতেন যে, কুরাইশদের কোন বাণিজ্য কাফেলা সিরিয়া যাবে, তখনই তাঁরা তাদের প্রতিবন্ধকতা সৃষ্টি করতেন। আর তাদের হত্যা করতেন ও তাদের মাল সামান কেড়ে নিতেন। তখন কুরাইশরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট লোক পাঠাল। আল্লাহ ও আত্মীয়তার সম্পর্কের দোহাই দিয়ে আবেদন করল যে, আপনি আবূ বাসিরের কাছে এর থেকে বিরত থাকার জন্য নির্দেশ পাঠান। এখন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালামের কাছে কেউ এলে সে নিরাপদ থাকবে(কুরাইশদের কাছে ফেরত পাঠাতে হবে না।) তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের কাছে নির্দেশ পাঠালেন।”

এ সংশয় সৃষ্টিকারীরা বলে:

এখানে দেখা যাচ্ছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলমানকে কাফিরদের নিকট ফেরত দিলেন। এর দ্বারা প্রমাণ হয় যে, এ ধরনের কাজ জায়েয আছে।

এই সংশয়ের উত্তর:

এ হাদিসটিও তাদের বিরুদ্ধেই সবচেয়ে স্পষ্ট দলিল এবং তাদের ভ্রান্তি স্পষ্ট করার ক্ষেত্রে সবচেয়ে শক্তিশালী দলিল। বিষয়টি কয়েকভাবে প্রমাণিত হচ্ছে:

এক. তাকে কাফিরদের নিকট ফেরত দেওয়াটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সীমাবদ্ধ বিষয়। এর উপর কিয়াস করে অন্যস্থানেও এ হুকুম দেওয়া যাবে না। এটা যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাঝেই সীমাবদ্ধ, তার দলিল হল, সহীহ বুখারীতে হযরত আনাস রাযি. হতে বর্ণিত হয়েছে: সাহাবায়ে কেরাম যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এ বিষয়ে জিজ্ঞেস করলেন, তিনি বললেন: "যে আমাদের নিকট থেকে তাদের নিকট চলে যায়, তাকে তো আল্লাহই (তাঁর রহমত হতে) দূরে সরিয়ে দিয়েছেন। আর যারা মুসলিম হয়ে তাদের নিকট থেকে আমাদের নিকট আসে, তাদের জন্য সত্তরই আল্লাহ কোন একটা পথ ও মুক্তির উপায় বের করে দিবেন।"

আর এটা নিশ্চিত কথা যে, এটা ওহীর মাধ্যম ছাড়া জানা সম্ভব নয়। তাই এর মধ্যে এ প্রমাণ রয়েছে যে, অন্য কারো জন্য এটা জায়েয হবে না। কারণ অন্য কেউ তো জানে না যে, যাকে কাফিরদের নিকট ফেরত দেওয়া হয়েছে, তার জন্য অচিরেই আল্লাহ মুক্তির কোন পথ খুলে দিবেন কি না।

যারা এ হাদিস দিয়ে মুসলিমকে কাফিরদের হাতে তুলে দেওয়া জায়েয হওয়ার পক্ষে দলিল দেয়, ইমাম ইবনে হাযাম রহ. তাদের সংশয়ের কয়েকটি জবাব দেন তাঁর 'আল-ইহকাম' কিতাবে (৫/২৬)। সেখানে তাঁর বক্তব্যের কিয়দাংশ নিচে দেওয়া হলো:

"ঐ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যত মুসলিমকে কাফিরদের নিকট ফেরত দিয়েছেন, প্রত্যেকের ব্যাপারেই আল্লাহ তাকে অবহিত করেছেন যে, তারা তাদের দ্বীন বা দুনিয়ার ব্যাপারে ফেৎনাক্রান্ত হবে না এবং তারা নিশ্চিতভাবে খুব শীঘ্রই মুক্তি পেয়ে যাবে।" তারপর তিনি আনাস রাযি. এর পূর্বোক্ত হাদিসটি উল্লেখ করেন।

আবূ মুহাম্মদ বলেন: "আল্লাহ তা'আলা তাঁর নবীর বৈশিষ্ট্য বর্ণনা করতে গিয়ে বলেন: সে নিজ প্রবৃত্তি থেকে কিছু বলে না। সে যা বলে, তা তো সেই ওহী, যা তার কাছে পাঠানো হয়।

তাই আমরা নিশ্চিতভাবেই জানতে পারলাম যে, যে ব্যক্তিই মুসলমান হয়ে কুরাইশ কাফিরদের নিকট থেকে তাঁর নিকট চলে আসতে চাইবে, আল্লাহ সত্তরই তার জন্য কোন মুক্তির পথ বের করে দিবেন- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক এ সংবাদ দেওয়াটা ছিল আল্লাহর পক্ষ থেকে ওহী। এটাই বিশুদ্ধ কথা। এর মধ্যে কোন সন্দেহ নেই।

এর ফলে সত্যিই ঐ সকল লোক দুনিয়া ও আখিরাতের অনিষ্ট থেকে রক্ষা পেয়েছিলেন, যারা কাফিরদের মধ্য থেকে মুসলিম হয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট

এসেছিলেন। এমনকি পরিশেষে তারা কাফিরদের হাত থেকেও মুক্তি লাভ করেন। গভীর অনুসন্ধানী দৃষ্টি দিলে কোন মুসলিমই এ ব্যাপারে কোন সন্দেহ পোষণ করবে না।

এটা এমন একটি বিষয়, যা নবীর পরে কোন মানুষ জানবে না। আর কোন মুসলিমের জন্য এ ধরনের শর্ত করা বা শর্ত করলেও তা পুরণ করা জায়েয হবে না। কারণ কারো নিকট তো সেই গায়বের ইলম নেই, যা আল্লাহ রাসূলকে ওহীরূপে জানিয়েছিলেন।”

ইবনুল আরাবী রহ. (আহকামুল কুরআন ৪/১৭৮৯) বলেন: এই শর্তের ভিত্তিতে চুক্তি করা যে, যে ইসলাম গ্রহণ করেছে, তাকে তাদের নিকট ফেরত দিবে, এটা নবীর পর কারো জন্য জায়েয নেই। আল্লাহ তাঁর জন্য এটা জায়েয করেছিলেন, যেহেতু তিনি এর হিকমত জানতেন এবং এতে কল্যাণের ফায়সালা করে রেখেছিলেন। অত:পর পরবর্তীতে তিনি এর মধ্যে ইসলামের জন্য এত উত্তম পরিণাম ও প্রশংসনীয় ফলাফল প্রকাশ করেছেন, যার ফলে পরবর্তীতে কাফিররা এই শর্ত রহিত করতে ও বাদ দেওয়ার সুপারিশ করতে বাধ্য হয়।

দুই. আমরা যদি মেনেও নেই, এটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিশেষত্ব নয়, তাহলে এটা জায়েয হবে ঐ সব লোকের জন্য, যাদের অবস্থা ও পরিস্থিতি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পরিস্থিতির মত হয়। তিনি যেমন কাফিরদের বিরুদ্ধে জিহাদ, ইসলামের প্রসার, দাওয়াতের আগ্রহ, আল্লাহর হুকুম পালন করা, কুফর ও কাফিরদের থেকে সম্পর্কমুক্ত হওয়া ইত্যাদি গুণে গুণান্বিত ছিলেন, তেমন হতে হবে।

তিনি তো এ শর্তগুলো, মুজাহিদদের উপর আঘাত করা, তাদের বিরুদ্ধে চক্রান্ত করা, দুনিয়াতে দীর্ঘস্থায়ী হতে চাওয়া, কাফিরদের প্রতি ঝোঁকে যাওয়া, মক্কার কাফিরদের সাথে সম্পর্ক মজবুত করা বা তাদের সাথে জোট করার জন্য মেনে নেননি। তিনি এ সকল কিছু থেকে অনেক দূরে। তিনি এগুলোকে কবুল করেছিলেন শুধুমাত্র ইসলাম ও মুসলিমদের কল্যাণের জন্য এবং আল্লাহর দিকে দাওয়াত দেওয়া, তাঁর পথে জিহাদ করা ও ইসলামের প্রচার-প্রসার ঘটনানোর জন্য।

ফলে এ সময় তিনি খায়বার বিজয় করেন, কয়েকটি যুদ্ধ করেন, তাঁর যুগের রাজা-বাদশাদের নিকট পত্র প্রেরণ করে তাদেরকে ইসলামের দিকে আহ্বান করেছেন, এছাড়া দ্বীনের আরো অনেক প্রকাশ্য কল্যাণকর কাজ করেছেন।

তিন. এ শর্ত পূরণ করণার্থে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরহাবীদের (তথা ত্রাস সৃষ্টিকারীদের) বিরুদ্ধে যুদ্ধে তাঁর ও কাফিরদের মাঝে জোট গঠন করেননি। ইরহাবীদের নির্মূল করার জন্য তাদের সাথে একতাবদ্ধ হননি, ইরহাবীদের থেকে সম্পর্কমুক্ত হয়ে যাননি। বরং তাদের পৃষ্ঠপোষকতা করেছেন এবং সংবাদ দিয়েছেন যে, অতিসত্তরই আল্লাহ তাদেরকে মুক্ত করবেন। তিনি তাদের জন্য দু'আ করতেন, পূর্বের মতই যথারীতি কাফিরদের থেকে সম্পর্কমুক্ত হয়ে চলেছেন।

বরং সর্বোচ্চ পর্যায়ে গিয়ে এটাও করেছেন যে, তিনি তাদের মাঝে ও যারা মুসলিম হয়ে তাঁর নিকট আসত, তাদের মধ্য থেকে নিজে সরে দাঁড়ান। তবে ওই সকল মুসলিমদেরকে তাদের

বিরুদ্ধে সাহায্যও করেননি। যেমনটা হযরত আবূ বাসির রাযি.এর আলোচনা প্রসঙ্গে সামনে আসবে।

চার. হযরত আবূ বাসির রাযি. দূত হত্যা করেছেন। কুরাইশদের মতে তিনি দু'টি অন্যায় করেছেন।

১. তাদের মাঝে ও নবীজির মাঝে যে চুক্তি হয়েছে, তা লঙ্ঘন করেছেন। চুক্তিমতে পরস্পর যুদ্ধ না করার কথা ছিল।

২. দূত হত্যা। সে সময়ের আন্তর্জাতিক নীতি অনুযায়ী দূতদেরকে হত্যা করা যেত না। আর ইসলামও এ নীতিকে বহাল রেখেছে।

এতদ্বসত্ত্বেও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হৈ চৈ, ডাকঢোল পিটানো, আক্রমণ করা বা হযরত আবূ বাসীর রাযি. যা করেছেন, তার থেকে আল্লাহর নিকট সম্পর্কমুক্তি প্রকাশ করা, এ কাজটিকে সন্ত্রাসী কাজ বলে অভিহিত করা বা প্রতিশ্রুতি ভঙ্গ বা আন্তর্জাতির নীতি লঙ্ঘন করা বলে অভিযোগ করা ইত্যাদি কিছুই করেননি। কারণ তাদের মাঝে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাঝে যে চুক্তি হয়েছিল, তা হযরত আবূ বাসির রাযি. এর উপর প্রযোজ্য বা আবশ্যক ছিল না।

পাঁচ. কুরাইশের একজন দূত নিহত হওয়ার পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের দ্বিতীয় দূতের সঙ্গে সহযোগিতামূলক আচরণ করেননি বা মুসলিমদেরকে এ আদেশ

করেননি যে, আবূ বাসীরকে পেলে গ্রেফতার করে মক্কায় পাঠিয়ে দিবে। বরং তিনি শর্ত পূরণার্থে উভয় পক্ষের মাঝখান থেকে সরে দাড়ান। এটা আদৌ সাহায্য করা নয়।

ছয়. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আবূ বাসির রাযি.কে বলেছিলেন: (وَيْلُ أُمِّهِ مِسْعَرَ حَرْبٍ لَوْ كَانَ لَهُ أَحَدٌ)

দূর্ভোগ তাঁর মায়ের! এটা তো যুদ্ধের ইন্ধন, যদি তাঁর সঙ্গে কেউ থাকত। কোন কোন বর্ণনায় আছে: لو كان له رجال যদি তাঁর সাথে কিছু লোক থাকত। হাফেজ ইবনে হাজার রহ. ফাতহুল বারীতে (খন্ড নং-৫, পৃষ্ঠা নং-৩৫০) বলেন: "এতে তাঁর প্রতি পালিয়ে যাওয়ার ইঙ্গিত রয়েছে। যেন তিনি তাকে আবার মুশরিকদের হাতে ফিরিয়ে দিতে বাধ্য না হন আর যে সকল মুসলিমদের নিকট এ সংবাদ পৌঁছবে, তাদের প্রতি ইঙ্গিত রয়েছে, যেন তারা তাঁর সাথে মিলিত হয়।"

সাত. হযরত আবূ বাসির রাযি., হযরত আবূ জান্দাল রাযি. ও তাদের মত মুসলিমগণ সমুদ্র উপকূলে চলে গিয়েছিলেন। সেখানে তারা যেকোন কুরাইশ কাফিরদেরকে দেখলেই তাদেরকে হত্যা করতেন এবং তাদের সম্পদ নিয়ে নিতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের এ কাজে নিষেধ করেননি। এর জন্য শোরগোল ও হৈ চৈ শুরু করে দেননি।

আট. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরাইশ কাফিরদের সঙ্গে সহযোগিতা করেননি এবং কুরাইশ কাফিরদের উপর আক্রমণকারী হযরত আবূ বাসির রাযি. ও তাঁর

সঙ্গীদের নির্মূল করার জন্য কুরাইশদের সাথে জোট গঠন করেননি। তাদেরকে কোন প্রকার সাহায্য করেননি। আর এটা তো হতেই পারে না।

নয়. এ কথারও দলিল আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আবূ বাসীর রাযি. ও তাঁর সঙ্গীদের কাজে সন্তুষ্ট ছিলেন এবং তাকে ভাল মনে করেছেন। এটা তিনভাবে প্রমাণিত হয়:

১. তিনি তাঁর দূত হত্যার কোন প্রতিবাদ বা নিন্দা করেননি। যদি এটা অপছন্দনীয় ও মন্দ হত, তাহলে তিনি অবশ্যই এর প্রতিবাদ করতেন। প্রয়োজনের সময় বক্তব্য না বলে বিলম্ব করা সঠিক নয়।

২. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী- তাঁর মায়ের দূর্ভোগ! এটা তো যুদ্ধের ইন্ধন, যদি তাঁর সাথে কেউ থাকত। এ ব্যাপারে হাফেয ইবনে হাজার রহ. এর উদ্ধৃতি উল্লেখ করা হয়েছে।

৩. হযরত আবূ বাসির রাযি. এর বাহিনী যখন কুরাইশদেরকে ক্লান্ত করে তুলল, তাদের কারো কারো রক্তপাত ঘটাল, সম্পদ ছিনিয়ে নিল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিকট দূত পাঠিয়ে তাদেরকে নিষেধ করেননি। তিনি যদি তাদের এ কাজকে অপরাধই মনে করতেন, তাহলে অবশ্যই তাদেরকে নিষেধ করতেন। আর তাদেরকে যদি কোন কিছু করতে নিষেধ করতেন, তবে তারা অবশ্যই তা হতে বিরত হতেন। তথাপি যখন

তিনি কিছুই বললেন/করলেন না, তখন এটাই প্রমাণ করে যে, তিনি তাদের কাজের প্রতি সন্তুষ্ট ছিলেন।

ইবনে হাযাম রহ. আল-ইহকামে (খন্ড নং-৫, পৃষ্ঠা নং-১২৬) বলেন:

এই যে, হযরত আবূ বাসির রাযি., আবূ জান্দাল রাযি. ও তাদের সঙ্গী মুসলিমগণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে চুক্তিবদ্ধ কুরাইশ কাফিরদের রক্ত প্রবাহিত করলেন, তাদের সম্পদ ছিনিয়ে নিলেন; অথচ এটা তাদের উপর হারাম করা হল না বা এর কারণে তারা গুনাহগারও হলেন না। সুতরাং এতে কোন সন্দেহ নেই যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাইলেই তাদেরকে এ থেকে বিরত রাখতে পারতেন অথবা তিনি নিষেধ করলে তারা আদৌ তা করত না।

শাইখ আব্দুর রহমান ইবনে হাসান আলুশ শাইখ রহ. ইবনে নাবহানের আপত্তিসমূহের খন্ডনে যে মূল্যবান কথা বলেছেন্, তার একটি উদ্ধৃতি দিয়েই আমি এ সংশয়ের ব্যাপারে আলোচনা শেষ করব ইনশা আল্লাহ, যা আদ-দুরার (খন্ড নং-৮, পৃষ্ঠা নং: ১৯৯-২০০) এ রয়েছে।

তাকে বলা হবে, কোন্ কিতাব বা কোন্ দলিলের ভিত্তিতে এ কথা বলা হবে যে, সর্বমান্য ইমাম ব্যতিত জিহাদ করা আবশ্যক হবে না?! এটা দ্বীনের ব্যাপারে মিথ্যা রটনা এবং মু'মিনদের পথ থেকে বিচ্যুতি। এ মতের ভ্রান্তির দলিলগুলো এতটাই স্পষ্ট, যা উল্লেখ

করারও প্রয়োজন হয় না। তার মধ্যে একটি হল, জিহাদের ব্যাপারে সাধারণ আদেশ, উৎসাহ ও তা না করার ব্যাপারে ধমকি সম্বলিত বাণীগুলো। আল্লাহ তা'আলা বলেছেন-

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُم بِبَعْضٍ لَّفَسَدَتِ الْأَرْضُ وَلَٰكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ.

﴿البقرة: ٢٥١﴾

অনুবাদ: "আল্লাহ যদি একজনকে অপরজনের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে গোটা দুনিয়া বিধ্বস্ত হয়ে যেতো। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ একান্তই দয়ালু, করুণাময়।"

(সূরা বাকারাহ:২৫১)

আল্লাহ তা'আলা আরো বলেছেন-

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُم بِبَعْضٍ لَّهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنصُرَنَّ اللَّهُ مَن يَنصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ ﴿الحج: ٤٠﴾

অনুবাদ: "আল্লাহ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খ্রীষ্টানদের) নির্জন গির্জা, এবাদত খানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলাতে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। আল্লাহ নিশ্চয়ই তাদেরকে সাহায্য করবেন, যারা আল্লাহর সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী শক্তিধর।"(সূরা হজ্জ:৪০)

যে ব্যক্তিই জিহাদ ফি সাবিলিল্লাহর দায়িত্ব পালন করল, সে আল্লাহর ইবাদত করল। আর ইমাম তো ইমামই হতে পারেন না জিহাদ ব্যতিত। এমনটা নয় যে, ইমাম ব্যতিত জিহাদ হয় না।

একটু সামনে গিয়ে তিনি আরো বলেন:

তিনি যা লিখেছেন, তা ভ্রান্ত হওয়ার ব্যাপারে কুরআন, সুন্নাহ, সীরাত, ইতিহাস ও আহলে ইলমদের বক্তব্য থেকে এত দলিল ও উদ্ধৃতি রয়েছে, যা একজন নির্বোধের কাছেও অস্পষ্ট মনে হবে না। যখন হযরত আবূ বাসির রাযি. এর ঘটনাটি কারো জানা থাকবে, যে সময় তিনি হিজরত করে চলে এসেছিলেন, আর কুরাইশরা হুদায়বিয়ার সন্ধির আলোকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে তাকে ফেরত দেওয়ার আবেদন করে। তখন তিনি পলায়ন করলেন। এমনকি তার সন্ধানে আগত মুশরিকদেরকে হত্যা করে ফেলেন। তারপর সমুদ্র উপকূলে চলে গেলেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শোনার পর বললেন: তাঁর মায়ের দূর্ভোগ! এটা তো যুদ্ধের ইন্ধন, যদি তাঁর সাথে কেউ থাকত।

তারপর তিনি শাম দেশ থেকে কোন কুরাইশ কাফেলার আগমন সংবাদ শুনলেই তাদের গতিরোধ করতেন। তাদের সম্পদ নিয়ে নিতেন এবং তাদেরকে হত্যা করতেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতিত তিনি একাই তাদের বিরুদ্ধে যুদ্ধ করলেন।

কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরাইশদের সাথে সন্ধিচুক্তিতে আবদ্ধ ছিলেন। **রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি তখন বলেছিলেন, কুরাইশদের বিরুদ্ধে যুদ্ধ লিপ্ত হয়ে তোমরা অপরাধ করেছ, কারণ তোমরা তো কোন ইমামের সাথে নেই?** **সুবহানাল্লাহ! অজ্ঞতা অজ্ঞদের জন্য কতটাই না ক্ষতিকর! হককে বাতিলের মাধ্যমে মোকাবেলা করা থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি।**

তৃতীয় সংশয় - মুসলমান ও ক্রুসেডারদের মধ্যকার এই জোটটি হিলফুল ফুযুলের মত।

এ মাসআলার ব্যাপারে আরো যত সংশয় ছড়িয়ে আছে, তার মধ্যে অন্যতম একটি হল, তাদের কেউ কেউ বলে: সন্ত্রাসবাদের বিরুদ্ধে আমেরিকান জোটে অংশগ্রহণ করাটা হিলফুল ফুযুলের সাথে সাদৃশ্যপূর্ণ, যা জাহিলী যুগে হয়েছিল এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সেটার প্রশংসা করেছিলেন। আর সেটা ছিল: জুলুম মোকাবেলা করার জন্য।

এ সংশয়ের উত্তর:

আমরা প্রথমে হিলফুল ফুযুলের ঘটনাটি উল্লেখ করব, তারপর তার জবাবের ব্যাপারে আলোচনা করব, ইনশা আল্লাহ।

সীরাত ও তারিখের কিতাবসমূহে এসেছে: কুরাইশ গোত্রের কতগুলো শাখা গোত্র আব্দুল্লাহ ইবনে জাদআন আত-তামিমীর বাড়িতে একত্রিত হল। তারা সকলেই এই প্রতিশ্রুতি ও অঙ্গিকারাবদ্ধ হল যে, তারা মক্কায় মক্কার অধিবাসী বা যেকোন বহিরাগত মাজলুমের সাথে

থাকবে এবং যে তাদের উপর জুলুম করেছে, তার থেকে প্রতিকার নেওয়ার আগ পর্যন্ত তার বিরুদ্ধে অবস্থান নিবে। ফলে কুরাইশগণ ওই জোটটিকে হিলফুল ফুযুল বলে নামকরণ করেছে।

আরো বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও এই জোটে উপস্থিত হয়েছিলেন, যখন তিনি ছোট ছিলেন এবং নবুওয়াতপ্রাপ্ত হননি। অত:পর নবুওয়াত প্রাপ্তির পরও তিনি বলেছেন, যেমনটা মুসনাদে আহমাদ ও অন্যান্য কিতাবে এসেছে: আমি শৈশবকালে আমার চাচাদের সাথে হিলফুল ফুযুলে অংশগ্রহণ করেছিলাম, (কোন কোন বর্ণনায় এসেছে হিলফুল মুতইয়িবীন) এখন যদি আমাকে লাল উটনির বিনিময়েও সেই প্রতিশ্রুতি ভাঙ্গতে বলা হয়, তথাপি আমি তা ভাঙ্গা পছন্দ করব না।

এ সংশয়ের জবাবে বলব:

এ দুই জোটের মাঝে আকাশ-পাতাল ব্যবধান রয়েছে। এমনকি শুধু 'হিলফ' (জোট) শব্দটি ছাড়া সাদৃশ্যের কোন দিকই নেই। উভয়টির মাঝে পার্থক্য স্পষ্ট হবে অনেকগুলো বিষয়ের প্রতি লক্ষ্য করলে:

এক. হিলফুল ফুযুলের প্রধান ছিলেন আব্দুল্লাহ ইবনে জাদআত আত-তামিমী। তিনি যদিও মুশরিক ছিলেন, কিন্তু তিনি উত্তম আচার-আচরণের প্রতি আগ্রহী ছিলেন। সহীহ বুখারীতে আয়েশা রাযি. থেকে বর্ণিত আছে, তিনি বললেন: হে আল্লাহর রাসূল! ইবনে জাদআন তো

জাহিলী যুগে আত্মীয়তা সম্পর্ক রক্ষা করত, মিসকিনদেরকে খানা খাওয়াত, এগুলো কি তার উপকারে আসবে না? বললেন: না, কোন উপকারে আসবে না। সে তো একদিনও বলেনি: হে আমার রব! বিচার দিবসে আমার অপরাধগুলো ক্ষমা করে দিও। অর্থাৎ ইবনে জাদআনের উত্তম আচরণ দ্বারা উদ্দেশ্য ছিল সুখ্যাতি।

পক্ষান্তরে আমেরিকান জোটের প্রধান হল আমেরিকা, যারা হল পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় জালিম, অবাধ্য ও সীমালঙ্ঘনকারী। পূর্বে প্রথম পর্বের দ্বিতীয় অধ্যায়ে তাদের উত্তম চরিত্র সম্বন্ধে আলোচনা করা হয়েছে, তা পুনরায় দেখতে পারেন।

দুই. হিলফুল ফুযুলের কারণ ছিল মক্কায় সংঘটিত নিজ জাতির কিছু জুলুমের ঘটনা। তাই তারা জোট গঠনের ইচ্ছা করেছিল, উক্ত জুলুম দূর করার জন্য এবং মাজলুমের পক্ষে জালিম থেকে ইনসাফ আদায় করার জন্য, যদিও জালিম নিজেদের চাচাত ভাই হোক না কেন।

পক্ষান্তরে আমেরিকান জোট ঐ সকল জুলুম দূর করার জন্য করা হয়নি, যা তাদের স্বজাতির পক্ষ থেকে হয়, যাতে কয়েক দশক ধরে মুসলিমগণ আক্রান্ত হয়ে আসছেন এবং যার বলি হচ্ছেন লাখ লাখ নিহত ও উদ্বাস্তু লোক।

ইসরাঈলের সে সকল জুলুম প্রতিহত করার জন্যও গঠিত হয়নি, যা রক্তের বন্যা বইয়ে দিচ্ছে, হাজার হাজার মুসলিমদেরকে হত্যা ও বাস্তুচ্যুত করেছে।

ইরাকি জনগণের সেই দুর্দশা দূর করার জন্যও গঠিত হয়নি, যারা আমেরিকান সীমালঙ্ঘনের কারণে কয়েক দশক ধরে মুমূর্ষাবস্থা অতিবাহিত করেছে এবং এখনও করছে। যার কারণে লাখ লাখ মানুষ নিহত ও আহত হয়।

ঐ সকল জুলুম প্রতিহত করার জন্যও নয়, যা চেচনিয়ার মুসলমানগণ রাশিয়ার পক্ষ থেকে বা ফিলিপাইনের মুসলমানগণ খৃষ্টানদের পক্ষ থেকে শিকার হচ্ছে অথবা যে সকল মুসলিমদেরকে আলজেরিয়ায় হত্যা করা হচ্ছে বা যাদেরকে চীনে হত্যা করা হচ্ছে বা এই আহত উম্মাহর অন্যান্য জনগণ যে সকল জুলুমের শিকার হচ্ছে, তা দূর করার জন্যও নয়।

বরং এই ক্রুসেডীয় জোটের কারণ ছিল, অজ্ঞাতনামা কিছু লোকের হাতে তাদের কয়েক হাজার লোক নিহত হওয়া। এজন্য তারা মুসলিমদের থেকে এর প্রতিশোধ নেওয়া ও আরো বেশি জুলুম করার ইচ্ছা করে!!

তিন. হিলফুল ফুযুলে তারা কাউকে নিজেদের জোটে অংশগ্রহণ করতে বাধ্য করেননি। পক্ষান্তরে আমেরিকান জোটের ভিত্তিই হল, যেমনটা তারা বলেছে: "নিশ্চয়ই যারা আমাদের সাথে নেই, তারা আমাদের বিরোধীদের সাথে!!" অর্থাৎ তারা তাদের টার্গেট। এটাই তো প্রথম জুলুম।

চার. হিলফুল ফুযুলের লক্ষ্য ছিল, যেমনটা আমরা উল্লেখ করেছি- মক্কার সকল লোক থেকে জুলুম দূর করা। পক্ষান্তরে আমেরিকান জোটের লক্ষ্য হল ইসলাম নির্মূল করা, অথবা

কমপক্ষে ইসলামের উৎসগুলো মৃতপ্রায় করে ফেলা এবং যারা ইসলামকে কঠোরভাবে আঁকড়ে ধরে, তাদেরকে আঘাত করা, যেমনটা তাদের প্রথম টার্গেট থেকেই স্পষ্ট হয়। যেমন তাদের একটা লক্ষ্য ছিল বিশ্বের উপর আমেরিকান প্রভাব বৃদ্ধি করা। তাই তাদের প্রকৃত টার্গেটই ছিল জুলুম বৃদ্ধি করা এবং মুসলিম জনগণকে দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ করা।

পাঁচ. হিলফুল ফুযুলের মধ্যে জুলুম দূর করা ব্যতিত অন্য কোন উদ্দেশ্য ছিল না। আর এটা এমন একটি বিষয়, যাকে শরীয়তও সমর্থন করে ও উদ্বুদ্ধ করে। পক্ষান্তরে আমেরিকান জোটের অন্যায় বিষয়সমূহ অনেক। তার কিছু আমরা জেনেছি, আর অনেকগুলো সম্পর্কে আমরা অজ্ঞ। তার মধ্যে গুরুত্বপূর্ণ একটি হল: যেকোন স্থানে সন্ত্রাসীদেরকে খোঁজা। আর সন্ত্রাসী হল মুসলিমগণ। আরেকটি হল সন্ত্রাসের উৎসগুলো শেষ করে ফেলা। তা হল: ইসলামী শিক্ষা। যেমনটা সামনে সপ্তম সংশয় নিরসনে দশম জবাবের আলোচনায় আসবে, ইনশা আল্লাহ।

আরেকটি হল, সন্ত্রাসের সহযোগিতা বন্ধ করা। আর তা হল, মুসলিমদের যাকাত ও সাদাকা, যা মুজাহিদগণকে দেওয়া হয়। আরেকটি হল, মুসলিম দেশসমূহে আমেরিকান কর্তৃত্ব প্রতিষ্ঠা করা এবং অব্যাহতভাবে মুসলিমগণকে দাস বানিয়ে রাখা। এমনিভাবে এ ধরনের আরো লক্ষ্য, যেগুলো আল্লাহর শরীয়তের সাথে সাংঘর্ষিক ও বিরোধপূর্ণ।

ছয়. হিলফুল ফুযুলের জোট ছিল বনু তাইম, যুহরা, আসাদ ও অন্যান্য গোত্রসমূহের সমন্বয়ে। যাদের এ জোট গঠনের পিছনে উত্তম আচরণ এবং নিজ কওমের জালিমদের বিরুদ্ধে

পারস্পরিক সাহায্য ব্যতিত অন্য কোন উদ্দেশ্য ছিল না। এছাড়া তাদের সকলের ধর্ম এক ছিল, সকলেই মুশরিক ছিল।

পক্ষান্তরে আমেরিকান জোটের শরীকদের প্রায় সকলেই এমন কাফির গোষ্ঠী, যারা বিভিন্ন দেশ ও আল্লাহর বান্দাদের উপর চলমান জুলুমের হোতা। এই জোটের পিছনে তাদের অনেক নিকৃষ্ট রাজনৈতিক, অর্থনৈতিক ও ধর্মীয় উদ্দেশ্য রয়েছে। তাদের এই জোটটি গঠনই হয়েছে; মুসলিমদেরকে আঘাত করার জন্য এবং তাদের দূরাবস্থা আরো বৃদ্ধি করার জন্য। ফলে তাদের ধর্ম ভিন্ন, কিন্তু সকলের শত্রু এক!

সাত. হিলফুল ফুযুল জুলুম নির্যাতন নির্মূলে ব্যবহার করতেন নিজেদের সম্মানজনক অবস্থান ও পদবী। যেমনটা সিয়ার লেখকগণ উল্লেখ করেছেন যে, এ জোটের লক্ষ্যগুলো বাস্তবায়নের কোন হারাম মাধ্যম ছিল না।

পক্ষান্তরে আমেরিকান জোট তাদের লক্ষ্যগুলো বাস্তবায়নে দু'টি মাধ্যম অবলম্বন করে থাকে:

এক. শান্তিপূর্ণ মাধ্যম। তা হল, যাদেরকে তারা সন্ত্রাসী বলে অভিহিত করে থাকে, অথচ তারা মুসলিমদের অন্তর্ভুক্ত, তাদেরকে গ্রেফতার করে আমেরিকান তাগুতী আইনের সামনে পেশ করা।

দুই. যুদ্ধ। তা হল, আফগান ভূমিকে ধ্বংস ও চূর্ণ-বিচূর্ণ করা (যেমনটা তাদের তৎকালীন প্রেসিডেন্ট বুশ বলেছে) এবং অন্যান্য লক্ষ্যগুলোতেও একই কর্মকান্ড করা।

এ উভয় মাধ্যমের সাথেই সহযোগিতার সম্পর্ক রাখা কুফর ও রিদ্দাহ। কারণ প্রথমটি হল, তাগুতের নিকট বিচার প্রার্থনা। আর দ্বিতীয় হল, মুসলিমদের উপর জুলুম, সীমালঙ্ঘন ও অন্যায়ে কাফিরদেরকে সহযোগিতা করা।

আট. উভয় জোটের ফলাফলগুলো:

হিলফুল ফুযুলের ফলাফলগুলো হল: তারা তাদের দেশের অনেক জুলুমকে দূর করেন। যার কারণে ইসলাম আসার পরও তাদের মহান কীর্তি অমর হয়ে থাকে।

পক্ষান্তরে আমেরিকান জোট এই জোট গঠনের পর পৃথিবীর মধ্যে জুলুম আরো বৃদ্ধি করেছে। তাদের জোট গঠনের পর মাত্র এক মাসের মধ্যে যে ফলাফলগুলো প্রকাশ পেয়েছে, তার কয়েকটি নিচে প্রদান করা হল:

১. ১ হাজারের অধিক আফগান জনগণকে হত্যা করা। যাদের মধ্যে নারী, শিশু ও বৃদ্ধগণও ছিলেন।

২. উল্লেখিত সংখ্যার কয়েকগুণ বেশি আফগান জনগণ হতাহত হওয়া।

৩. কয়েকটি শহরকে ধ্বংস করা এবং তাতে কয়েক টন বোমা নিক্ষেপ করা।

৪. বহু সংখ্যক গ্রাম ধুলিস্মাৎ করে দেওয়া এবং তাকে অস্তিত্ব থেকেই মিটিয়ে দেওয়া।

৫. আফগানিস্তানের সেবামূলক প্রতিষ্ঠানগুলো ধ্বংস করার মাধ্যমে তাদের ভোগান্তি বৃদ্ধি করা। যেমন হাসপাতাল, ব্যাংক ও অন্যান্য স্বার্থসংশ্লিষ্ট স্থানগুলো।

৬. বিশ মিলিয়ন আফগানির উপর অবরোধের মাত্রা বৃদ্ধি করা!!!

৭. লাখ লাখ আফগান নাগরিককে বাস্তুচ্যুত করা ও নিজ দেশ থেকে বহিস্কার করা।

৮. শুধুমাত্র সন্দেহের বশবর্তী হয়ে শত শত মুসলিমকে কারাগারে নিক্ষেপ করা।

৯. মুসলমানদের উপর কাফিরদের আধিপত্য বৃদ্ধি পাওয়া। যেমন চেচনিয়ার উপর রাশিয়ানদের আধিপত্য, কাশ্মীরীদের উপর গো-পূজারীদের আধিপত্য।

১০. সন্ত্রাসবাদে সহযোগিতার দলিল দিয়ে বিভিন্ন ইসলামী সাহায্য সংস্থাগুলোর উপর সংকীর্ণতা আরোপ করা।

এ ধরনের আরো বহু ন্যক্কারজনক ফলাফল অর্জিত হয় এই জোটের মাধ্যমে।

নয়. এটা হল সবচেয়ে বড় পার্থক্য। অর্থাৎ এটা হল উভয় জোটের শরয়ী হুকুম:

তা হচ্ছে: হিলফুল ফুযুলের মত জোটে অংশগ্রহণ করা শরীয়তে জায়েয। কারণ তা ইসলামী নীতি-আদর্শের উপর প্রতিষ্ঠিত ছিল। তথা জুলুম দূর করা। যেহেতু জুলুম শরীয়তে হারাম। যেমন বুখারী ও মুসলিম শরীফে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

« اتَّقُوا الظُّلْمَ فَإِنَّ الظُّلْمَ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ ».

অনুবাদ: **“তোমরা জুলুম করা হতে সাবধান থাক! কারণ জুলুম কিয়ামতের দিন অন্ধকার হয়ে দেখা দিবে।”**

এমনিভাবে সহীহ বুখারীতে হাদিসে কুদসী বর্ণিত হয়েছে:

قَالَ قَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- فِيمَا يَرْوِى عَنْ رَبِّهِ تَبَارَكَ وَتَعَالَى « إِنِّى حَرَّمْتُ عَلَى نَفْسِى الظُّلْمَ وَعَلَى عِبَادِى فَلاَ تَظَالَمُوا ».

অনুবাদ: **"হে আমার বান্দাগণ! আমি নিজের উপর জুলুমকে হারাম করেছি এবং তোমাদের পরস্পরের মাঝেও জুলুম হারাম করেছি। তাই তোমরা একে অপরের উপর জুলুম করো না।"**

এ জাতীয় আরো অনেক বর্ণনা রয়েছে। এ ধরনের জোটে অংশগ্রহণ করার দ্বারা হারাম কাজে লিপ্ত হওয়া আবশ্যক হয় না। এতে মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করা হয় না বা আল্লাহর অবতীর্ণ বিধান ব্যতিত ভিন্ন বিধানে বিচার প্রার্থনা করাও হয় না।

পক্ষান্তরে আমেরিকান জোটে অংশগ্রহণ করা হল, বহু অন্যায় কাজের সমষ্টি। তার মধ্যে কয়েকটি নিচে প্রদান করা হল:

১. মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সহযোগিতা করা, যা কুফর।

২. তাগুতের নিকট বিচার প্রার্থনা করা, যা কুফর।

৩. আফগানিস্তানের মুসলমানদের উপর নির্যাতনের বিভীষিকা বৃদ্ধি পাওয়া। তাদের অসংখ্য নারী-শিশু-বৃদ্ধকে হত্যা করা এবং বহু সংখ্যককে নিজ দেশ থেকে বহিস্কার করা।

৪. যমীনে অন্যায়, জুলুম ও অবাধ্যতা বেড়ে যাওয়া।

৫. মধ্য এশিয়ার মুসলিম ভূখন্ড-গুলোর উপর আমেরিকান কর্তৃত্ব দীর্ঘায়িত হওয়া।

আমরা আল্লাহর নিকট প্রার্থনা করি, তিনি যেন আমেরিকা ও তার জোট থেকে প্রতিশোধ গ্রহণ করেন এবং ইসলাম ও মুসলমানদের বিজয় দান করে মুসলমানদের চক্ষু শীতল করেন।

চতুর্থ সংশয় - এ বিষয়ে বলপ্রয়োগ থাকা।

একদল পথভ্রষ্ট আছে, যারা আমেরিকান জোটে প্রবেশ করার ক্ষেত্রে ‘ইকরাহ’ তথা বলপ্রয়োগ আছে বলে দাবি করে। চাই তা কোন রাষ্ট্রের বেলায় হোক বা আমেরিকান সেনাবাহিনীর অন্তর্ভুক্ত নামধারী মুসলিমদের বেলায় হোক। এ সংশয়বাদীরা ভুলের মধ্যে আছে, দু’দিক থেকে:

প্রথমত: ‘ইকরাহ’ বা ‘বলপ্রয়োগ’ এর সঠিক বুঝ।

যে বলপ্রয়োগ কুফরকে বৈধ করে, তা হল হত্যা বা হত্যার উপসর্গ বা অঙ্গহানির বাস্তবিক হুমকি থাকা, যা ফিকহের কিতাবসমূহে বিস্তারিতভাবে উল্লেখ আছে। সম্পদ, পদ, সম্মান বা এ জাতীয় কিছুর আশঙ্কা বলপ্রয়োগ হিসাবে ধর্তব্য নয়। আর যারা আমেরিকান জোটে অংশগ্রহণ করেছে, তাদের প্রকৃত সমস্যাটি হল দুনিয়ার প্রতি আগ্রহ ও তার দিকে ঝোঁকে পড়া।

শাইখ আব্দুল লতীফ ইবনে আব্দুর রহমান আলুশ শাইখ রহ. (আদ-দুরার, খন্ড নং-৮, পৃষ্ঠা নং-৩৭৪) জনৈক ব্যক্তির একটি পুস্তিকার খন্ডনে একটি বক্তব্য লিখেন, ওই ব্যক্তি বলেছিল, অনন্যোপায় অবস্থায় মুশকিরদের থেকে সাহায্য গ্রহণ করা বৈধ। তিনি এর খন্ডনে বলেন:

উক্ত পুস্তিকার লেখক 'দারুরাহ' বা অনন্যোপায় অবস্থা বুঝার ক্ষেত্রে ভুল করেছেন। তিনি মনে করেছেন, শাসকের নেতৃত্ব ও ক্ষমতা টিকিয়ে রাখাও একটি দারুরাহ বা অনন্যোপায় অবস্থা। অথচ বিষয়টা তিনি যেমন ধারণা করেছেন, তেমন নয়। বরং এক্ষেত্রে 'দারুরাহ' দ্বারা উদ্দেশ্য হল দ্বীনী দারুরাহ, তথা দ্বীনের জন্য সহায়ক ও তার স্বার্থরক্ষাকারী প্রয়োজন। জায়েয সাব্যস্তকারীগণ যেমনটা বলেছেন।

দ্বিতীয়ত: যে বিষয়ের উপর বলপ্রয়োগ করা হল, তার বিভিন্ন অবস্থা:

যদি বিশুদ্ধভাবে বলপ্রয়োগ পাওয়া যায়, তবে বলপ্রয়োগকৃত ব্যক্তির জন্য কুফরী কথা বা এ জাতীয় এমন বিষয় জায়েয হবে, যাতে অন্যেকে ক্ষতি করা হয় না। তাই যদি অন্যকে হত্যা করার ব্যাপারে বলপ্রয়োগ করা হয়, তাহলে সর্বসম্মতিক্রমে তা জায়েয নেই। কারণ কারো জন্যই আরেকজনকে হত্যা করে নিজেকে বাঁচানো জায়েয নেই।

ইবনুল আরাবী রহ. আহকামুল কুরআনে (খন্ড নং-১, পৃষ্ঠা নং-৫২৫) বলেন:

আল্লাহর বাণী-

وَمَن يَفْعَلْ ذَٰلِكَ عُدْوَانًا وَظُلْمًا فَسَوْفَ نُصْلِيهِ نَارًا وَكَانَ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرًا ﴿النساء: ٣٠﴾

অনুবাদ: "আর যে কেউ সীমালঙ্ঘন কিংবা জুলুমের বশবর্তী হয়ে এরূপ করবে, তাকে খুব শীঘ্রই আগুনে নিক্ষেপ করা হবে। এটা আল্লাহর পক্ষে খুবই সহজসাধ্য।"(সূরা নিসা:৩০)

এর মধ্যে এ কথার দলিল পাওয়া যায় যে, মনের ভুলে বা অনিচ্ছাকৃত বা বলপ্রয়োগকতৃ হয়ে কেউ করলে এই ধমকির মধ্যে পড়বে না। কারণ এ জাতীয় কাজগুলোকে সীমালঙ্ঘন ও জুলুম বলে আখ্যায়িত করা হয় না। তবে এর থেকে একটি শাখাগত মাসআলা ভিন্ন ধরনের। তা হল, যাকে আরেকজনকে হত্যা করার জন্য বলপ্রয়োগ করা হয়েছে। সে এমনটা করলে অবশ্যই এটাকে সীমালঙ্ঘন বলে আখ্যায়িত করা হবে। তাই কেউ এমন অবস্থায় হত্যা করলে তাকেও হত্যা করা হবে, এতে কোন সন্দেহ নেই। এক্ষেত্রে বলপ্রয়োগ ওযর বলে গণ্য হবে না।

ইমাম নববী রহ. শরহে মুসলিমে (খন্ড নং-১৮, পৃষ্ঠা নং- ১৬ ও ১৭) বলেছেন:

বলপ্রয়োগ করার কারণে হত্যা করা বৈধ হবে না। বরং সর্বসম্মতিক্রমে বলপ্রয়োগকৃত ব্যক্তি উক্ত কাজটির কারণে গুনাহগার হবে। কাযী ইয়ায ও অন্যান্য ইমামগণ এক্ষেত্রে ইজমা বর্ণনা করেছেন।

ইবনে রজব রহ. জামিউল উলুমি ওয়াল হিকাম (খন্ড নং-২, পৃষ্ঠা নং-৩৭১ এ) বলেন:

উলামায়ে কেরামগণ এ ব্যাপারে ঐক্যমত্য পোষণ করেছেন যে, কোন নিরাপরাধ মানুষকে হত্যা করার জন্য বলপ্রয়োগ করা হলেও তাকে হত্যা করা বৈধ হবে না। কারণ সে নিজের

জান বাঁচানোর জন্য ইচ্ছা করে অন্যকে হত্যা করছে। এটা গ্রহণযোগ্য উলামায়ে কেরামের সকলেরই ঐক্যমত।

আর এখানে এ ঘটনার ক্ষেত্রে আমেরিকা ও কাফির রাষ্টগুলোর উদ্দেশ্য হল মুসলমানদের হত্যা করা। আল্লাহ তাদের লাঞ্চিত করুন! তাই কোন মুসলিমের জন্যই তাদেরকে সাহায্য করা জায়েয হবে না। যদিও এর জন্য বলপ্রয়োগ করে না কেন। কারণ এটা এমন কাজ, যা বলপ্রয়োগের কারণেও বৈধ হয় না।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. এর যামানায়ও এমনটা সংঘটিত হয়েছে। তখন মুসলিমদের বিরুদ্ধে তাতারীদের সাহায্যকারীদের মধ্যে কেউ কেউ বাধ্য করা ও বলপ্রয়োগের শিকার হওয়ার দাবি করেছিল। তখন শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহ. বলেছেন: বলপ্রয়োগ করা হলেও তাদের জন্য এ ধরনের কাজ করা বৈধ হয় না। কারণ এটা এমন কাজ, যা বলপ্রয়োগের কারণে বৈধ হয় না। এ প্রসঙ্গে শাইখ রহ. (মাজমুউল ফাতওয়া, খন্ড নং-২৮, পৃষ্ঠা নং-৫৩৯) বলেন:

"মোটকথা, যখন ফেৎনার সময় কাউকে যুদ্ধ করার জন্য বাধ্য করা হলেও তার জন্য যুদ্ধ করা জায়েয হয় না, বরং নিজ তরবারী নষ্ট করে ফেলা ও সবর করতে করতে মাজলুম অবস্থায় নিহত হওয়া আবশ্যক হয়, তখন ঐ ব্যক্তির জন্য কিভাবে যুদ্ধ করা জায়েয হতে পারে, যাকে ইসলাম থেকে বিচ্যুত দল, যেমন যাকাত অস্বীকারকারী বা মুরতাদদের সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য বাধ্য করা হয়েছে?

তাই এ ব্যাপারে কোন সন্দেহ নেই যে, এমন ব্যক্তির উপর আবশ্যক হল, তাকে যদি উপস্থিত হতে বাধ্য করা হয়, তাহলে সে যুদ্ধ করবে না, যদিও মুসলিমগণ তাকে হত্যা করে ফেলে। এমনিভাবে কাফিররা যদি তাকে নিজেদের কাতারে অন্তর্ভুক্ত হয়ে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করতে বলে তবুও। যেমনিভাবে, যদি কোন ব্যক্তিকে একজন নিরাপরাধ মুসলিমকে হত্যা করার জন্য বাধ্য করা হয়, তাহলে সকল মুসলিমদের ঐক্যমতে এটা জায়েয হবে না, যদিও এতে নিজেকে নিহত হতে হয়।

কারণ একজন নিরাপরাধ মুসলিমকে হত্যা করে নিজেকে বাঁচানোর চেয়ে উল্টোটা করাই উত্তম। তাই তার নিজে বাঁচার জন্য অন্যজনকে অন্যায়ভাবে হত্যা করা জায়েয হবে না।"

পঞ্চম সংশয় - মুসলমানদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করার দু'টি প্রকার রয়েছে।

আরেকটি ব্যর্থ সংশয়, যার মাধ্যমে সংশয়বাদীরা মুসলিমদের মাঝে অস্পষ্টতার ধুম্রজাল সৃষ্টি করে, তা হল:

মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করা দু'প্রকার:

প্রথমটি কুফর। তা হল, মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করা, কাফিরদের কুফরির কারণে ও মুসলিমদের ইসলামের কারণে।

আর দ্বিতীয়টি বৈধ, শুধু বৈধই নয়, বরং কর্তব্যও। তা হল, যখন কোন মুসলমান কাফিরের উপর জুলুম করে, তখন ইনসাফ আদায়ের জন্য উক্ত কাফিরকে সহযোগিতা করা।

এ সংশয়ের উত্তর কয়েকভাবে দেওয়া যায়:

এক. এই প্রকারভেদটি বক্তার ঝুলি থেকে উৎসারিত। এরূপ মত পূর্বে কারো থেকে অতিবাহিত হয়নি।

দুই. মুফতি যখন জনসাধারণকে ফাতওয়া দেন, তখন তিনি শরীয়তের মূল বর্ণনাকে বক্ষমান অবস্থার উপর প্রয়োগ করে থাকেন। যাকে "তাহকিকুল মানাত" বলা হয়ে থাকে। তার কাজ এমন প্রকারভেদ আবিস্কার করা নয়, যেটা জনগণের সিদ্ধান্তহীনতা বা পেরেশানি আরো বৃদ্ধি করে দেয়। এ কারণেই উচিত ছিল, প্রশ্নকৃত মাসআলাটির ব্যাপারে কথা বলা। তথা আফগান মুসলিমদের বিরুদ্ধে কুফরী জোটে অংশগ্রহণকারীদের হুকুম কি? এটা পরিস্কার বলে দেওয়া। তা না করে তাদেরকে এমন একটি প্রকারভেদের দিকে ঠেলে দেওয়া কাম্য নয়, যেটা পূর্বে কেউ বলেনি।

তিন. কাউকে যদি আল্লাহ ব্যতিত অন্য কারো জন্য জবাই করা সম্বন্ধে জিজ্ঞেস করা হয়, আর সে বলে: **এটা দু'প্রকার: প্রথমত:** যদি এই জবাই দ্বারা আল্লাহ ব্যতিত অন্য কারো ইবাদত করা উদ্দেশ্য হয়, তাহলে এটা কুফর। **দ্বিতীয়ত:** যদি ইবাদত ব্যতিত ভিন্ন কোন উদ্দেশ্য হয়, তাহলে এটা মুবাহ... অথবা যদি কাউকে মূর্তিকে সিজদাহ করা বা মূর্তির নিকট দু'আ করা

বা এ জাতীয় কোন কর্মগত বা মৌখিক কুফর সম্পর্কে জিজ্ঞেস করা হয়, আর সে তাকে এমন দুই প্রকারে ভাগ করে, তাহলে এই প্রকারভেদগুলোও হুবহু বক্ষমান প্রকারভেদটির মতই হবে। অথচ এটা সুস্পষ্ট যে এ সবগুলো প্রকারভেদই ভ্রান্ত প্রকারভেদ। কেননা এ দু'টো কাজ, তথা আল্লাহ ব্যতিত অন্য কারো জন্য জবাই করা ও মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেকে সাহায্য করা- কর্তা থেকে সংঘটিত হওয়া মাত্রই কুফর হিসাবে বিবেচিত হবে।

এই প্রকারভেদটি আমাকে সেই প্রকারভেদগুলোর কথাই মনে করিয়ে দেয়, যা কবরপূজারী আলেমরা আবিস্কার করেছিল। যাদের দ্বারা নজদি দাওয়াতের ইমামগণ অত্যন্ত নিগৃহিত হয়েছিলেন। আল্লাহ তাদের প্রতি রহম করুন!

চার. তিনি এ দুই প্রকার উল্লেখ করলেন। কিন্তু মূল মাসআলাটির আলোচনা বাদ দিলেন। তথা লোভ-ভয় বা এ জাতীয় কোন কারণে মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে সাহায্য করা।

মূল সাহায্য করা, যেটার ব্যাপারে অসংখ্য দলিল বর্ণিত হয়েছে, সেটা তো এটাই, যেটাকে তিনি উল্লেখ করেননি। যেমন আল্লাহ তা'আলা এ প্রসঙ্গে বলেছেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿المائدة: ٥١﴾ فَتَرَى الَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ يُسَارِعُونَ فِيهِمْ يَقُولُونَ نَخْشَىٰ أَن تُصِيبَنَا دَائِرَةٌ فَعَسَى اللَّهُ أَن يَأْتِيَ بِالْفَتْحِ أَوْ أَمْرٍ مِّنْ عِندِهِ فَيُصْبِحُوا عَلَىٰ مَا أَسَرُّوا فِي أَنفُسِهِمْ نَادِمِينَ ﴿المائدة: ٥٢﴾

অনুবাদ: **“হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। আল্লাহ জালেমদেরকে পথ প্রদর্শন করেন না। বস্তুতঃ যাদের অন্তরে রোগ রয়েছে, তাদেরকে আপনি দেখবেন, দৌড়ে গিয়ে তাদেরই মধ্যে প্রবেশ করে। তারা বলেঃ আমরা আশঙ্কা করি, পাছে না আমরা কোন দুর্ঘটনায় পতিত হই। অতএব, সেদিন দুরে নয়, যেদিন আল্লাহ তা’আলা বিজয় প্রকাশ করবেন অথবা নিজের পক্ষ থেকে কোন নির্দেশ দেবেন-ফলে তারা স্বীয় গোপন মনোভাবের জন্যে অনুতপ্ত হবে।”(সূরা মায়িদাহ: ৫১-৫২)**

আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা এখানে উল্লেখ করলেন যে, তাদের পক্ষ থেকে কাফিরদেরকে সাহায্য করার কারণ ছিল বিপদের আশঙ্কা। এটা উল্লেখ করেননি যে, তাদের কুফরির কারণে।

